(ক) চেতি। তস্য চটকস্য স্ত্রী চটকা। অজাদিপাঠাৎ স্ত্রিয়ামাপ্রত্যয়ঃ। তয়োশ্চটকাচটকয়োঃ পুমপত্যে চাটকৈরঃ, স্ত্র্যপত্যে স্ত্রীরূপে চ তৎ অপত্যঞ্চেতি স্ত্র্যপত্যং তস্মিন্ স্ত্রীরূপে অপত্যে ইত্যর্থঃ [চটকৈর] স্ত্রিয়ামপত্যপ্রত্যয়স্য লুগভিধানাৎ।

(৫০) আতায়ি[পি]চিল্লৌ (৫১)দাক্ষায্যগৃধ্রৌ(৫২)কীরশুকৌ সমৌ।
(৫৩) ক্রুঙ্ ক্রৌঞ্চো-(৫৪) ঽথ বকঃ কহ্বঃ
(৫৫) পুষ্করাহ্বস্তু (ক) সারসঃ।
(৫৬) কোক-(খ) শ্চক্রশ্চক্রবাকো রথাঙ্গাহ্বয়নামকঃ॥
(৫৭) কাদম্বঃ কলহংসঃ স্যা-(৫৮) দুৎক্রোশকুররৌ সমৌ।
(৫৯) হংসাস্তু শ্বেতগরুতশ্চক্রাঙ্গা মানসৌকসঃ॥
(৬০) রাজহংসাস্তু (গ) তে চঞ্চুচরণৈর্লোহিতৈঃ সিতাঃ।
মলিনৈর্মল্লিকাখ্যাস্তে (ঘ) ধার্ত্তরাষ্ট্রাঃ সিতেতরৈঃ॥

প্রভৃতি বলে)—দাত্যূহ, কালকণ্ঠক (পুং)। (৫০) চিলপক্ষিবাচক—আতায়িন্, চিল্ল (পুং)। (৫১) গৃধ্র-(শকুনী) পক্ষিবাচক—দাক্ষায্য, গৃধ্র (পুং)। (৫২) শুকপক্ষিবাচক—কীর, শুক (পুং)। (৫৩) কোঁচবকের নাম—ক্রুন্চ্, ক্রৌঞ্চ (পুং)। (৫৪) বক ও কহ্ব শব্দে বকপক্ষিমাত্র বুঝায়—বক, কহ্ব (পুং)। (৫৫) সারসপক্ষিবাচক—পুষ্করাহ্ব, সারস (পুং)। (৫৬) চক্রবাকপক্ষিবাচক—কোক, চক্র, চক্রবাক, রথাঙ্গাহ্বয় (পুং)। (৫৭) কলহংসবাচক—কাদম্ব, কলহংস (পুং); (সাধারণতঃ ইহাকে বালিহাঁস ও কামপক্ষী বলে)। (৫৮) কুরুলিয়াপক্ষিবাচক (কোন স্থানে কুরল, বাজকুরল প্রভৃতি বলে)—উৎক্রোশ, কুর (পুং)। (৫৯) হংসবাচক—হংস, শ্বেতগরুৎ, চক্রাঙ্গ, মানসৌকস্ (পুং)। (৬০) যে সকল হংসের শরীর

(ক) পুষ্কেতি। দ্বয়ং সারসে। সরসিজপর্য্যায়নামত্বাৎ পুষ্করাহ্বঃ "সারসবত্তা বিহতা নবকা বিলসন্তি চ বসতি নো কঙ্কঃ। সরসীব কীর্ত্তিশেষং গতবতি ভুবি বিক্রমাদিত্যে" ইতি বাসরদত্তাশ্লেষাৎ সারসো দন্ত্যবান্।

(খ) কোক ইতি। চতুষ্কং চক্রবাকে। রথচরণপর্য্যায়নামা।

(গ) রাজেতি। রক্তৈশ্চঞ্চুচরণৈর্বিশিষ্টাঃ শ্বেতাঃ (দেহেন সিতাঃ) তে রাজহংসাখ্যাঃ।

(ঘ) তে মলিনৈঃ (কিঞ্চিদ্ধূসরবর্ণৈরালোহিতৈঃ) চঞ্চুচরণৈর্বিশিষ্টা

(৬১) শরারিরাটিরাড়িশ্চ (৬২) বলাকা বিসকণ্ঠিকা।
(৬৩) হংসস্য যোষিদ্বরটা (৬৩ক) সারসস্য তু লক্ষ্মণা॥
(৬৪) জতুকাজিনপত্রা স্যাৎ (৬৫) পরোষ্ণী তৈলপায়িকা।
(৬৬) বর্ব্বণা মক্ষিকা নীলা (৬৭) সরঘা মধুমক্ষিকা॥
(৬৮) পতঙ্গিকা পুত্তিকা স্যা-(৬৯) দ্দংশস্তু বনমক্ষিকা।
(৭০) দংশী তজ্জাতিরল্পা স্যাদ্-(৭১) গন্ধোলী বরটা দ্বয়োঃ॥
(৭২) ভৃঙ্গারী চীরুকা চীরী ঝিল্লিকা চ সমা ইমাঃ।

শ্বেতবর্ণ, চঞ্চু এবং চরণ রক্তবর্ণ, তাহাকে রাজহংস ; যাহার শরীর কিছু মলিন অর্থাৎ ধূসরবর্ণ, চঞ্চু ও চরণ সম্পূর্ণ লোহিতবর্ণ নয়, তাহাকে মল্লিকাখ্য এবং যাহার শরীর, চঞ্চু ও চরণ কৃষ্ণবর্ণ, তাহাকে ধার্ত্তরাষ্ট্র বলে (পুং)। (৬১) শরাল (শরাইল) পক্ষীর নাম—শরারি, আটি, আড়ি (পুং)। (৬২) ক্ষুদ্র বকবাচক (সাধারণতঃ ইহাকে কালীবক বলে)—বলাকা, বিসকণ্ঠিকা (স্ত্রী)। (৬৩) হংসের স্ত্রীর নাম—বরটা [বরলা]। (৬৩ক) সারসের স্ত্রীকে লক্ষ্মণা বলে—বরটা, লক্ষ্মণা (স্ত্রী)। (৬৪) চামচাড়ার (চামচিকার) নাম—জতুকা, অজিনপত্রা (স্ত্রী)। (৬৫) আরশুলার নাম (কোন স্থানে তেলাচোরা, তেলাপোকা প্রভৃতি বলে)—পরোষ্ণী, তৈলপায়িকা (স্ত্রী)। (৬৬) মাছির নাম—বর্ব্বণা, মক্ষিকা, নীলা [নীলী] (স্ত্রী)। (৬৭) মধুমক্ষিকা-(মৌমাছি) বাচক—সরঘা, মধুমক্ষিকা (স্ত্রী)। (৬৮) ক্ষুদ্র জাতীয় মধুমক্ষিকাবাচক—পতঙ্গিকা, পুত্তিকা (স্ত্রী)। (৬৯) ডাঁশমাছির নাম—দংশ (পুং), বনমক্ষিকা (স্ত্রী)।

মল্লিকাখ্যাঃ। মল্লিক ইত্যাখ্যা যেষাম্। শুক্লাপাঙ্গত্বাৎ মল্লিকাপুষ্পমিব অক্ষি যেষাং তে মল্লিকাক্ষাঃ ইতি স্বামী। সিতেতরৈঃ কৃষ্ণৈশ্চঞ্চুচরণৈর্বিশিষ্টা ধার্ত্তরাষ্ট্রাঃ।

(৭৩) সমৌ পতঙ্গশলভৌ (৭৪) খদ্যোতো জ্যোতিরিঙ্গণঃ ॥
(৭৫) মধুব্রতো মধুকরো মধুলিণ্মধুপালিনঃ।
দ্বিরেফপুষ্পলিড্ভৃঙ্গষট্পদভ্রমরাঽলয়ঃ ॥
(৭৬) ময়ূরো বর্হিণো বর্হী নীলকণ্ঠো ভুজঙ্গভুক্।
শিখাবলঃ শিখী কেকী মেঘনাদানুলাস্যপি ॥
(৭৭) কেকা বাণী ময়ূরস্য (৭৮) সমৌ চন্দ্রকমেচকৌ।
(৭৯) শিখা চূড়া (৮০) শিখণ্ডস্তু (ক) পিচ্ছবর্হে নপুংসকে ॥
(৮১) খগে বিহঙ্গ-বিহগ-বিহঙ্গম-বিহায়সঃ।
শকুন্তি-পক্ষি-শকুনি-শকুন্ত-শকুন-দ্বিজাঃ ॥
পতত্রি-পত্রি-পতগ-পতৎ-পত্ররথাঽণ্ডজাঃ।
নগৌকো বাজি-বিকির-বি-বিষ্কর-পতত্রয়ঃ ॥
নীড়োদ্ভবা গরুত্মন্তঃ পিৎসন্তো নভসঙ্গমাঃ।

(৭০) ক্ষুদ্র ডাঁশের নাম—দংশী (স্ত্রী)। (৭১) বোলতার নাম (স্থানবিশেষে বল্লা বলে)—গন্ধোলী (স্ত্রী); [গন্ধালী], বরটা, (পুং-স্ত্রী) [বরলা]। (৭২) ঝিঁঝির নাম—ভৃঙ্গারী, চীরুকা, চীরী, ঝিল্লিকা (স্ত্রী)। (৭৩) পতঙ্গ ও শলভ শব্দে ফড়িং বুঝায়—পতঙ্গ, শলভ (পুং)। (৭৪) খদ্যোত ও জ্যোতিরিঙ্গণ শব্দে জুনি বা জোনাকী পোকা বোঝায়—খদ্যোত, জ্যোতিরিঙ্গণ (পুং)। (৭৫) ভ্রমরবাচক—মধুব্রত, মধুকর, মধুলিহ্, মধুপ, অলিন্, দ্বিরেফ, পুষ্পলিহ্, ভৃঙ্গ, ষট্পদ, ভ্রমর, অলি (পুং)। (৭৬) ময়ূরবাচক—ময়ূর, বর্হিণ, বর্হিন্, নীলকণ্ঠ, ভুজঙ্গভুক্, শিখাবল, শিখিন্, কেকিন্, মেঘনাদানুলাসিন্ (পুং)। (৭৭) কেকা শব্দে ময়ূরের বাণী (রব) বোঝায়—কেকা (স্ত্রী)। (৭৮) ময়ূরের পুচ্ছস্থ চন্দ্রাকৃতি

(ক) পুচ্ছঞ্চ। পিচ্ছবর্হে পুংস্যপি—“কং হরেদেষ বর্হঃ” ইতি কালিদাসঃ।

(৮২) তেষাং বিশেষা (৮৩) হারীতো
(৮৪) মদ্গুঃ (৮৫) কারণ্ডবঃ (৮৬) প্লবঃ ॥
(৮৭) তিত্তিরিঃ (৮৮) কুক্কুভো (৮৯) লাবো
জীবঞ্জীব-(৯০) শ্চকোরকঃ।
(৯১) কোযষ্টিক-(৯২) ষ্টিট্টিভকো (৯৩) বর্ত্তকো বর্ত্তিকাদয়ঃ ॥
(৯৪) গরুৎপক্ষচ্ছদাঃ পত্রং পতত্রঞ্চ তনূরুহম্।
(৯৫) স্ত্রী পক্ষতিঃ পক্ষমূলং (৯৬) চঞ্চুস্ত্রোটিরুভে স্ত্রিয়ৌ ॥
(৯৭) প্রডীনোড্ডীন-(ক) সংডীনান্যেতাঃ খগগতিক্রিয়াঃ।

চিত্রবাচক—চন্দ্রক, মেচক (পুং)। (৭৯) ময়ূরের শিরস্থিত চূড়াবাচক—শিখা, চূড়া (স্ত্রী)। (৮০) ময়ূরের পুচ্ছবাচক—শিখণ্ড (পুং), পিচ্ছ [পুচ্ছ], বর্হ (ক্লী)। (৮১) সাধারণ পক্ষিবাচক—খগ, বিহঙ্গ, বিহগ, বিহঙ্গম, বিহায়সস্, শকুন্তি, পক্ষিন্, শকুনি, শকুন্ত, শকুন, দ্বিজ, পতত্রিন্, পত্রিন্, পতগ, পতৎ, পত্ররথ, অণ্ডজ, নগৌকস্, বাজিন্, বিকির, বি, বিষ্কির, পতত্রি, নীড়োদ্ভব, গরুত্মৎ (ন্ত্), পিৎসৎ (ন্ত), নভসঙ্গম (পুং)। (৮২) হরিতালিয়া পক্ষীর নাম (কোন কোন স্থানে হরিয়াল বলে)—হারীত (পুং)। (৮৩) পানিকৌড়ির নাম (কোন কোন স্থানে পানীয়কাক বা পানকৌড়ি বলে)—মদ্গু (পুং)। (৮৪) বালিয়াহাঁসের নাম—কারণ্ডব (পুং)। (৮৫) পিবলপক্ষীর নাম (কোন কোন স্থানে গুড়গুড় পক্ষী বলে) —প্লব (পুং)। (৮৬) তিত্তিরিপক্ষিবাচক—তিত্তিরি (পুং)। (৮৭) কুখুয়া পক্ষীর নাম (কোথাও কুখ্বা বলে)—কুক্কুভ (পুং)। (৮৮) লাড়ুয়া পক্ষীর নাম—লাব (পুং)। (৮৯) সাতভেয়া পক্ষীর নাম—জীবঞ্জীব

(ক) প্রেতি। প্রডীনাদয়ঃ পক্ষিণাং গতিক্রিয়াবিশেষাঃ। তত্র প্রথমমুড্ডয়নং প্রডীনম্। বিয়দ্গমনমুড্ডীনম্। বৃক্ষাদৌ পতনং সংডীনমিতি।

(৯৮) পেশী(ক)কোষো দ্বিহীনেঽণ্ডং(খ)(৯৯)কুলায়ো নীড়মস্ত্রিয়াম্॥
(১০০) পোতঃ পাকোঽর্ভকো ডিম্ভঃ পৃথুকঃ শাবকঃ শিশুঃ।
(১০১) স্ত্রী-(গ) পুংসৌ মিথুনং (১০২) দ্বন্দ্বং(ঘ)যুগ্মন্তু যুগলং যুগম্॥

(পুং)। (৯০) চকোরপক্ষীর নাম—চকোর (পুং)। (৯১) কোড়া পক্ষীর নাম—কোযষ্টিক (পুং)। (৯২) টিটিপক্ষীর নাম—টিট্টিভক (পুং) [টিটিভ, টিট্টিভ]। (৯৩) ভাড়ই পক্ষীর নাম (কেহ কেহ ইহাকে ঝাবুই বলে)—বর্ত্তক (পুং), বর্ত্তিকা (স্ত্রী)। (৯৪) পক্ষীর পাখার নাম—গরুৎ, পক্ষ, ছদ (পুং), পত্র, পতত্র, তনূরুহ (ক্লী)। (৯৫) পক্ষমূলবাচক—পক্ষতি (স্ত্রী), পক্ষমূল (ক্লী)। (৯৬) পক্ষীর ঠোঁটের নাম—চঞ্চু, ত্রোটি (স্ত্রী)। (৯৭) পক্ষীর প্রথম উড়ার নাম—প্রডীন, আকাশে গমনের নাম—উড্ডীন এবং বৃক্ষাদিতে পতনের নাম—সংডীন (ক্লী)। (৯৮) ডিম্বের নাম—পেশী (স্ত্রী), কোষ (পুং), অণ্ড (ক্লী)। (৯৯) পক্ষীর বাসার নাম—কুলায় (পুং), নীড় (পুং-ক্লী)। (১০০) সকল প্রাণীর শিশু-

---

(ক) ত্রয়ং ডিম্বে। পেশীকোষঃ সংঘাতবিগৃহীতঃ। "পেশ্যাং পত্রবিশেষে চ পুংসি কোষশ্চ ইষ্যতে" ইতি মূর্দ্ধন্যান্তে রুদ্রঃ। সংঘাতপক্ষে পেশ্যাঃ মাংসস্য কোষঃ পেশীকোষঃ ইত্যেকং নামেতি।

(খ) দ্বিহীনে স্ত্রীপুংসহীনে ক্লীবে ইত্যর্থঃ।

(গ) স্ত্রীতি। দ্বয়ং স্ত্রীপুংসয়োর্যুগ্মে। স্ত্রী চ পুমাংশ্চেতি ধেন্বনডুহাদিত্বাদৎ।

(ঘ) দ্বেতি। চতুষ্কং যুগ্মমাত্রে। "দ্বন্দ্বং কলহযুগ্ময়ো"রিতি দর্শনাৎ ব্যবহিতেনাপি সম্বন্ধাৎ ত্বন্তস্যাপি পূর্ব্বভাকৃত্বম্। কেচিৎ দ্বন্দ্বং পূর্ব্বেণাপি সংবধ্নন্তি। চকারং পঠন্ত্যন্যে। দ্বন্দ্বযুগ্মস্ত্বিতি সমীচীনঃ পাঠঃ। দ্বন্দ্বশব্দস্য স্ত্রীপুংসপরত্বে কালিদাসপ্রয়োগঃ—"দ্বন্দ্বানি ভাবং ক্রিয়য়া বিবব্রুঃ"।

(১০৩) সমূহে (ক) নিবহব্যূহসন্দোহবিসরব্রজাঃ।
স্তোমৌঘনিকরব্রাতবারসঙ্ঘাতসঞ্চয়াঃ॥
সমুদায়ঃ সমুদয়ঃ সমবায়শ্চয়ো গণঃ।
স্ত্রিয়ান্তু সংহতির্বৃন্দং নিকুরম্বং কদম্বকম্॥
(১০৪) বৃন্দভেদাঃ(খ)সমৈর্বর্গঃ (১০৫) সঙ্ঘসার্থৌ (গ) তু জন্তুভিঃ।
(১০৬) সজাতীয়ৈঃ(ঘ)কুলং (১০৭) যূথং(ঙ)তিরশ্চাং পুংনপুংসকম্॥

বাচক—পোত, পাক, অর্ভক, ডিম্ব, পৃথুক, শাবক, শিশু (পুং)। (১০১) স্ত্রী ও পুরুষের উভয় বাচক—স্ত্রীপুমনস্ (পুং), এই শব্দ দ্বিবচনান্ত; মিথুন [দ্বন্দ্ব] (ক্লী)। (১০২) যুগ্মমাত্রবাচক (সাধারণতঃ ইহাকে জোড়া বলে)—দ্বন্দ্ব, যুগ্ম, যুগল, যুগ (ক্লী)। (১০৩) সমূহবাচক—সমূহ, নিবহ, ব্যূহ, সন্দোহ, বিসর, ব্রজ, স্তোম, ওঘ, নিকর, ব্রাত, বার, সঙ্ঘাত, সঞ্চয়, সমুদায়, সমুদয়, সমবায়, চয়, গণ (পুং), সংহতি (স্ত্রী), বৃন্দ, নিকুরম্ব, কদম্বক (ক্লী)। (১০৪) জাত্যাদির সমূহ বুঝাইতে বর্গ শব্দের প্রয়োগ হয় (যথা—মনুষ্যবর্গঃ)—বর্গ (পুং)। (১০৫) জন্তুর সমূহ বুঝাইতে সঙ্ঘ ও সার্থ শব্দের প্রয়োগ হয়—সঙ্ঘ, সার্থ (পুং)। (১০৬) একজাতীয় সমূহবাচক—

(ক) সমূহেতি। কদম্বান্তং দ্বাবিংশতিঃ সমূহে। বর্গ্যাদিজাতশব্দোঽপ্যত্র। "সমূহার্থস্তু জাতস্তু চবর্গাদিত্বমীরিত"মিতি রত্নকোষঃ।

(খ) বর্গাদয়ো বৃন্দভেদা বিশেষাঃ। তত্র জাত্যাদিভিঃ সমানৈর্বৃন্দং বর্গঃ। যথা—মনুষ্যবর্গঃ।

(গ) সজাতীয়ৈর্বিজাতীয়ৈর্বা জন্তুভিঃ সমূহে সংঘসার্থৌ। যথা—ভিক্ষুসংঘঃ।

(ঘ) সজাতীয়ৈঃ কুলম্। যথা—মৃগকুলম্। কুলে কঃ।

(ঙ) তিরশ্চাং পশুপক্ষিণাং বৃন্দং যুথম্।

(১০৮) পশূনাং (ক) সমজো-(১০৯) ঽন্যেষাং
সমাজো-(খ) (১১০) ঽথ সধর্ম্মিণাম্।
স্যান্নিকায়ঃ (গ) (১১১) পুঞ্জরাশী তূৎকরঃ কূটমস্ত্রিয়াম্॥
(১১২) কাপোতশৌকমায়ূরতৈত্তিরাদীনি তদ্গণে (ঘ)।
(১১৩) গৃহাসক্তাঃ পক্ষিমৃগাশ্ছেকাস্তে গৃহ্যকাশ্চ তে (ঙ)॥

ইতি সিংহাদিবর্গঃ।

(যথা—পক্ষিকুলম্) কুল (ক্লী)। (১০৭) যূথ শব্দে পশু বা পক্ষীর সমূহ বুঝায়—যূথ (পুং-ক্লী)। (১০৮) পশুর সমূহবাচক—সমজ (পুং)। (১০৯) মনুষ্যাদির সমূহবাচক—সমাজ (পুং)। (১১০) নিকায়শব্দ সধর্ম্মিসমূহ বাচক অর্থাৎ যাহাদের ধর্ম্ম এক, তাহাদের সমূহকে বুঝায়—নিকায় (পুং)। (১১১) ধান্যাদির রাশির নাম—পুঞ্জ, রাশি (পুং), [রাশি—স্ত্রী], উৎকর (পুং), কূট (পুং-ক্লী)। (১১২) কাপোতশব্দে কপোতসমূহ, মায়ূর-শব্দে ময়ূরসমূহ, তৈত্তিরশব্দে তিত্তিরসমূহ ও ঔলূক শব্দে উলূকসমূহকে বুঝায় (ক্লী)। (১১৩) গৃহপালিত পশুপক্ষীর নাম—ছেক, গৃহ্যক (পুং)।

সিংহাদিবর্গের বঙ্গানুবাদ সমাপ্ত।

(ক) পশূনাং গবাদীনামেব বৃন্দং সমজঃ। "সমুদোরজঃ পশুষু" ইত্যণ্।

(খ) অন্যেষাং ছাত্রাদীনাং সমাজঃ। যথা—সমাজশ্ছাত্রাণাম্।

(গ) সমানধর্ম্মিণাং প্রাণিনাং নিকায়ঃ। যথা—তার্কিকনিকায়ঃ।

(ঘ) কাপোত ইতি। কপোতাদিভ্যঃ সমূহে অণ্। আদিনা কাকোলূকাদিঃ, তদ্গণে তেষাং সমূহে।

(ঙ) ক্রীড়ার্থং পালিতা যে গৃহাসক্তাঃ পক্ষিমৃগাস্তে ছেকাঃ গৃহ্যকাশ্চ।

মনুষ্যবর্গঃ

(১) মনুষ্যা (ক) মানুষা মর্ত্ত্যা মনুজা মানবা নরাঃ।
(২) স্যুঃ পুমাংসঃ পঞ্চজনাঃ পুরুষাঃ পূরুষা নরঃ॥
(৩) স্ত্রী (খ) যোষিদবলা যোষা নারী সীমন্তিনী বধূঃ।
প্রতীপদর্শিনী বামা বনিতা মহিলা তথা॥

(১) মনুষ্যবাচক—মনুষ্য, মানুষ, মর্ত্ত্য, মনুজ, মানব, নর (পুং)। (২) পুরুষজাতির নাম—পুমনস্ [স], পঞ্চজন, পুরুষ, পূরুষ, নৃ (পুং)। কোন কোন মতে এই ১১টী শব্দই মনুষ্যমাত্রকে বুঝায়। (৩) স্ত্রীজাতির নাম—স্ত্রী, যোষিৎ, অবলা, যোষা, নারী, সীমন্তিনী, বধূ, প্রতীপদর্শিনী, বামা,

---

(ক) মন্বিতি। একাদশ মনুষ্যসামান্যে। তত্র চ পুমাংসঃ ইত্যাদি পঞ্চকং পুংজাতাবেব। অমরমালায়ান্তু একজাতাবপ্যেতে উক্তাঃ।

(খ) স্ত্রীতি। মহিলান্তমেকাদশ স্ত্রীসামান্যে। অঙ্গনাদয়ো যোষিদ্বিশেষাঃ। প্রশস্তাঙ্গযোগাৎ পামাদিত্বান্নঃ। ভীরুর্ভয়শীলা। অস্য বিদ্যাধরকিন্নরাদিষ্বপি বৃত্তিত্বাহ্‌তো নৃজাতেরূঙিতি উঙ্‌প্রত্যয়ো নাস্তি। ভাগুরিমতে নৃজাতিত্বমস্ত্যেবেতি উঙুদাহৃতঃ। "কুতস্তং ভীরু যত্তেভ্যো দ্রুহ্যদ্ভ্যোঽপি ক্ষমামহে" ইতি ভট্টিঃ। বামে চারুণী লোচনে যস্যাঃ। রূপসৌভাগ্যজনিতঃ প্রকৃষ্টো মদোঽস্যাঃ। ভাবঃ শৃঙ্গারচেষ্টা তদ্‌যোগাদিন্। অত্র মানিনীতিক্বচিৎ পাঠঃ। অতিশয়কান্তিযোগাদর্শ আদিত্বাদৎ কান্তা। সুকুমারাঙ্গী ললনা। "ললনা সুকুমারাঙ্গী" ইতি রত্নকোষঃ। পৃথুনিতম্বযোগাদিন্। "রূপলাবণ্যসম্পন্না সুন্দরী পরিকীর্ত্তিতা" ইতি। বপুর্গুণেন ভর্ত্তারং রময়তি—যুঃ (অনঃ)। রমতে কলাভির্নোদ্বিজতে জ্বলাদিত্বাণ্ণঃ। নৈব কোপযুক্ত চেৎ ভামিনী।

(৪) বিশেষাস্ত্বঙ্গনা ভীরুঃ কামিনী বামলোচনা।
প্রমদা ভাবিনী [মানিনী] কান্তা ললনা চ নিতম্বিনী॥
(৫) সুন্দরী রমণী রামা (৬) কোপনা সৈব ভামিনী।
(৭) বরারোহা মত্তকাশিন্যুত্তমা বরবর্ণিনী।
(৮) কৃতাভিষেকা (ক) মহিষী (৯) ভোগিন্যোঽন্যা নৃপস্ত্রিয়ঃ।
(১০) পত্নী পাণিগৃহীতী চ দ্বিতীয়া সহধর্ম্মিণী॥
ভার্য্যা জায়াঽথ পুংভূম্নি দারাঃ (১১) স্যাত্তু কুটুম্বিনী।
পুরন্ধ্রী (১২) সুচরিত্রা (খ) তু সতী সাধ্বী পতিব্রতা॥

বনিতা, মহিলা (স্ত্রী)। (৪) এক একটি বিশেষগুণসম্পন্না স্ত্রীর নাম—অঙ্গনা, ভীরু, কামিনী, বামলোচনা, প্রমদা, ভাবিনী, কান্তা, ললনা, নিতম্বিনী (স্ত্রী)। (৫) সুন্দরী স্ত্রীর নাম—সুন্দরী, রমণী, রামা (স্ত্রী)। (৬) রাগান্বিতা স্ত্রীর নাম—কোপনা, ভামিনী (স্ত্রী)। (৭) উত্তমা স্ত্রীর নাম—বরারোহা, মত্তকাশিনী, উত্তমা, বরবর্ণিনী (স্ত্রী)। (৮) কৃতাভিষেকা রাণীর নাম—মহিষী (স্ত্রী)। (৯) মহিষী ভিন্ন রাণীর নাম—ভোগিনী (স্ত্রী)। (১০) বিবাহিতা স্ত্রীর নাম—পত্নী, পাণিগৃহীতী, দ্বিতীয়া, সহধর্ম্মিণী,

---

(ক) কৃতাভিষেকা রাজস্ত্রী মহিষী। মহিষীতোঽন্যাঃ নৃপস্ত্রিয়ঃ ভোগিন্য ইত্যন্বয়ঃ। পত্নীতি সপ্তকং বেদবিধিনোঢ়ায়াম্। অথশব্দোঽত্র পূর্ব্বলিঙ্গব্যবচ্ছেদকঃ। কুটুম্বীতি। দ্বয়ং পুত্রাদিমত্যাং গৃহাধিকৃতায়াম্। পুরং গৃহং ধরতি বাহুলকাৎ কিঃ মুশ্চাগমঃ। পক্ষে পুরন্ধি শ্চ। “পুরন্ধ্রিভিশ্চ ক্রমশঃ প্রযুক্তম্” ইতি রঘুঃ।

(খ) সুচেতি। চতুষ্কং পতিব্রতায়াম্। “সুখিতে সুখিতা পত্যৌ দুঃখিতে মলিনা কৃশা। মৃতে ম্রিয়তে যা নারী সা বিজ্ঞেয়া পতিব্রতা॥”

(১৩) কৃত-(ক) সাপত্নিকাঽধ্যূঢ়াঽধিবিন্না-(১৪) ঽথ স্বয়ংবরা (খ) ।
পতিংবরা চ বর্য্যা-(১৫) ঽথ কুলস্ত্রী (গ) কুলপালিকা ॥
(১৬) কন্যা (ঘ) কুমারী (১৭) গৌরী (ঙ) তু নগ্নিকাঽনাগতার্ত্তবা ।
(১৮) স্যান্মধ্যমা দৃষ্টরজা-(১৯)স্তরুণী (চ) যুবতিঃ সমে ॥

ভার্য্যা, জায়া (স্ত্রী), দার, বহুবচনান্ত (পুং)। (১১) পুত্রাদিযুক্তা গৃহস্থিতা স্ত্রীর নাম—কুটুম্বিনী, পুরন্ধ্রী, (স্ত্রী) [পুরন্ধ্রি]। (১২) পতিব্রতা স্ত্রীর নাম—সুচরিত্রা, সতী, সাধ্বী, পতিব্রতা (স্ত্রী)। (১৩) প্রথমবিবাহিতা স্ত্রীর নাম—কৃতসাপত্নিকা, অধ্যূঢ়া, অধিবিন্না (স্ত্রী)। (১৪) স্বয়ংবরা স্ত্রীর নাম—স্বয়ংবরা, পতিংবরা, বর্য্যা (স্ত্রী)। (১৫) কুলস্ত্রীর নাম—কুলস্ত্রী, কুলপালিকা [কুলপালী]। (১৬) কন্যার নাম—কন্যা, কুমারী (স্ত্রী)। (১৭) আট বৎসর বয়স্কা কন্যার নাম—গৌরী, নগ্নিকা, অনাগতার্ত্তবা (স্ত্রী)। (১৮) প্রথম রজস্বলা স্ত্রীর নাম—মধ্যমা, দৃষ্টরজস্

(ক) কৃতেতি। দ্বয়ং কৃতদ্বিতীয়বিবাহস্য প্রথমোঢ়ায়াম্। ত্রয়মেতৎ কনিষ্ঠায়াং ভার্য্যায়ামিতি কেচিৎ।

(খ) স্বয়মিতি। ত্রয়ং স্বেচ্ছয়া পত্যন্বেষিণাং কন্যায়াম্।

(গ) কুলেতি। দ্বয়ং যা অনন্যগামিনী কুলং পালয়তি তত্র। কুলপালী চ—"বিসোঢ়া ভূয়স্তঃ কিমিতি কুলপালী কটুগিরঃ" ইতি প্রয়োগঃ।

(ঘ) কন্যেতি। দ্বয়মপ্রাপ্তপুংযোগাবস্থায়াং কন্যায়াম্। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী দশবর্ষা তু কন্যকা। সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কুমারীত্যভিধীয়তে ॥" ইহ তু ভেদো নাদৃতঃ।

(ঙ) গৌরীতি। ত্রয়মষ্টবর্ষায়াম্। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী। দশমে কন্যকা প্রোক্তা অত ঊর্দ্ধং রজস্বলা ॥" ইতি স্মৃতিঃ। মধ্যেতি দ্বয়ং প্রথমরজস্বলায়াম্।

(চ) তরুণীতি। প্রবর্ত্তমানরজা দ্বাত্রিংশদ্বর্ষাণি যাবৎ তরুণী মতা। "যূনী চ যুবতীর্মতা" ইতি ত্রিকাণ্ডশেষঃ। যুবতী চ। সমে তুল্যার্থলিঙ্গে ইতি ভরতঃ।

(২০) সমাঃ স্নুষা (ক) জনীবধ্ব-
(২১) শ্চিরণ্টী (খ) তু স্বু [স্ব] বাসিনী।
(২২) ইচ্ছাবতী কামুকা স্যাদ্-(২৩) বৃষস্যন্তী (গ) তু কামুকী॥
(২৪) কান্তার্থিনী (ঘ) তু যা যাতি সঙ্কেতং সাঽভিসারিকা।
(২৫) পুংশ্চলী ধর্ষিণী বন্ধক্যসতী কুলটেত্বরী॥
স্বৈরিণী পাং-[সু]শুলা (২৬) চ স্যাদশিশ্বী (ঙ) শিশুনা বিনা।

(স্ত্রী)। (১৯) যুবতি স্ত্রীর নাম—তরুণী, যুবতি (স্ত্রী)। (২০) পুত্রাদির স্ত্রীর নাম—স্নুষা, জনী [জনি], বধূ (স্ত্রী)। (২১) চিরকাল পিতৃগৃহবাসিনী বিবাহিতা ও অবিবাহিতা উভয় প্রকার স্ত্রীলোকের নাম—চিরণ্টী, স্বু-[স্ব] বাসিনী (স্ত্রী)। (২২) সুখভোগাভিলাষিণী স্ত্রীর নাম—ইচ্ছাবতী, কামুকা (স্ত্রী)। (২৩) কামুকী স্ত্রীর নাম—বৃষস্যন্তী, কামুকী (স্ত্রী)। (২৪) নায়কের জন্য যে স্ত্রী সঙ্কেতস্থানে যায়, সেই স্ত্রীর নাম—অভিসারিকা (স্ত্রী)। (২৫) অসতী স্ত্রীর বাচক—পুংশ্চলী, ধর্ষিণী, বন্ধকী, অসতী, কুলটা, ইত্বরী, স্বৈরিণী, পাংশুলা [পাংসুলা] (স্ত্রী)। (২৬) সন্তানরহিতা

(ক) স্নুষেতি। ত্রয়ং পুত্রাদিভার্য্যায়াম্। "বধুটী বরটী বধূ"রিতি রত্নকোষঃ।

(খ) চিরীতি। দ্বয়ং যা ঊঢ়া অনূঢ়া বা পিত্রাদিগৃহোষিতা তস্যাম্। চিরং পিত্রাদিগৃহে অটতি। পৃষোদরাদিঃ। চিরটী চ। স্বেষু জ্ঞাতিষু বস্তুং শীলমস্যাঃ স্ববাসিনী। সুপূর্ব্বাদ্বসেরূপমিত্যন্যে।

(গ) ধনগীতনৃত্যাদেরিচ্ছাবতী কামুকী। মৈথুনেচ্ছাযুক্তা বৃষস্যন্তী।

(ঘ) কান্তেতি। কান্তার্থিনী ভর্ত্ত্রর্থিনী সঙ্কেতং যা যাতি গচ্ছতি সা অভিসারিকা কথ্যতে ইত্যন্বয়ঃ। "অভিসারয়তে কান্তং যা মন্মথবশংবদা। স্বয়ং বাভিসরত্যেষা ধীরৈরুক্তাভিসারিকা॥" ইতি বিশ্বনাথঃ।

(ঙ) অশিশ্বীতি। ন বিদ্যতে শিশুর্যস্যাঃ, "নিত্যমশিশ্বী"তীপ্রত্যয়ঃ। প্রাপ্তবয়সি অনপত্যেতি কেচিৎ।

(২৭) অবীরা (ক) নিষ্পতিসুতা (২৮) বিশ্বস্তাবিধবে সমে।
(২৯) আলিঃ সখী বয়স্যা চ (৩০) পতিবত্নী সভর্ত্তৃকা।
(৩১) বৃদ্ধা পলিক্নী (৩২)প্রাজ্ঞী তু প্রজ্ঞা (৩২ক)প্রাজ্ঞা তু ধীমতী।
(৩৩) শূদ্রী (গ) শূদ্রস্য ভার্য্যা স্যা-(৩৩ক)চ্ছূদ্রা তজ্জাতিরঙ্গনা।
(৩৪) আভীরী তু মহাশূদ্রী জাতিপুংযোগয়োঃ সমা ॥
(৩৫) অর্য্যাণী (ঙ) স্বয়মর্য্যা স্যাৎ (৩৬) ক্ষত্রিয়া ক্ষত্রিয়াণ্যপি।
(৩৭) উপাধ্যায়াপ্যুপাধ্যায়ী (চ) স্যা-

স্ত্রীর নাম—অশিশ্বী (স্ত্রী)। (২৭) পতিপুত্রহীনা স্ত্রীর নাম—অবীরা (স্ত্রী)। (২৮) পতিহীনা স্ত্রীর বাচক—বিশ্বস্তা, বিধবা (স্ত্রী)। (২৯) সখীর নাম—আলি [আলী], সখী, বয়স্যা (স্ত্রী)। (৩০) সধবা স্ত্রীর নাম—পতিবত্নী, সভর্ত্তৃকা (স্ত্রী)। (৩১) বৃদ্ধা স্ত্রীর বাচক—বৃদ্ধা, পলিক্নী (স্ত্রী)। (৩২) পণ্ডিতা স্ত্রীর বাচক—প্রাজ্ঞী, প্রজ্ঞা (স্ত্রী)। (৩২ক) বুদ্ধিমতী স্ত্রীর বাচক—প্রাজ্ঞা, ধীমতী (স্ত্রী)। (৩৩) শূদ্রের স্ত্রীর নাম—শূদ্রী (স্ত্রী)। (৩৩ক) শূদ্রজাতীয়া স্ত্রীর নাম—শূদ্রা (স্ত্রী)। (৩৪) গোপজাতীয়া কিংবা গোপস্ত্রীর নাম—আভীরী, মহাশূদ্রী (স্ত্রী)। (৩৫) বৈশ্যজাতীয়া স্ত্রীর নাম—অর্য্যাণী, অর্য্যা (স্ত্রী)। (৩৬) ক্ষত্রিয়জাতীয় স্ত্রীর

(ক) পতিপুত্রবতী বীরেতি নামমালা, তদ্বিপরীতা অবীরা।

(খ) শূদ্রীতি। শূদ্রস্য ভার্য্যা, অন্যজাতীয়াপি পুংযোগাদীপ্রত্যয়ঃ।

(গ) অর্য্যেতি। দ্বয়ং বৈশ্যায়াম্। স্বয়ং বৈশ্যা যা যস্য কস্যাপি ভার্য্যা তত্রার্য্যেতি দ্বয়ম্। স্বয়ং পুংযোগং বিনা জাতিমাত্রে অর্য্যা চ স্যাৎ। এবং ক্ষত্রিয়াণ্যাম্।

(ঘ) উপেতি। দ্বয়ং যা স্বয়মেব পাঠয়তি তত্র। স্বত ইত্যুভয়ত্র সম্বন্ধঃ। পক্ষে ঙীপ্রত্যয়ঃ।

(৩৮) দাচার্য্যাপি (ক) চ স্বতঃ ॥
(৩৯) আচার্য্যানী(খ)তু পুংযোগে (৪০) স্যাদর্য্যী(গ)ক্ষত্রিয়ী তথা।
(৪১) উপাধ্যায়ান্যুপাধ্যায়ী (ঘ) (৪২) পোটা (ঙ) স্ত্রীপুংসলক্ষণা।
(৪৩) বীরপত্নী বীরভার্য্যা (৪৪) বীরমাতা চ বীরসূঃ।
(৪৫) জাতাপত্যা প্রজাতা চ প্রসূতা চ প্রসূতিকা।
(৪৬) স্ত্রী নগ্নিকা কোটবী স্যাদ্-(৪৭) দূতীসঞ্চারিকে সমে।

নাম—ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী (স্ত্রী)। (৩৭) স্বয়ং অধ্যাপিকা স্ত্রীর বাচক—উপাধ্যায়া, উপাধ্যায়ী (স্ত্রী)। (৩৮) স্বয়ং মন্ত্রব্যাখ্যাকারিণী স্ত্রীর বাচক—আচার্য্যা (স্ত্রী)। (৩৯) আচার্য্যের স্ত্রীর বাচক—আচার্য্যানী (স্ত্রী)। (৪০) অর্য্যীশব্দে বৈশ্যের স্ত্রী এবং ক্ষত্রিয়ীশব্দে ক্ষত্রিয়ের স্ত্রী বুঝায়—অর্য্যী, ক্ষত্রিয়ী (স্ত্রী)। (৪১) উপাধ্যায়ের স্ত্রীর নাম—উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (স্ত্রী)। (৪২) স্ত্রী ও পুরুষ উভয়ের লক্ষণযুক্তা স্ত্রীর বাচক—পোটা (স্ত্রী)। (৪৩) বীরপুরুষের স্ত্রীর নাম—বীরপত্নী, বীরভার্য্যা (স্ত্রী)। (৪৪) বীরপুরুষের মাতার নাম—বীরমাতা, বীরসূ (স্ত্রী)। (৪৫) যে স্ত্রীর অচিরে সন্তান জন্মিয়াছে, তাহার নাম—জাতাপত্যা, প্রজাতা, প্রসূতা, প্রসূতিকা (স্ত্রী)। (৪৬) দিগম্বরা [লেঙটা] স্ত্রীর বাচক—নগ্নিকা, কোটবী (স্ত্রী)। (৪৭)

(ক) যা চ স্বয়ং মন্ত্রব্যাখ্যাকৃৎ সা আচার্য্যা।

(খ) আচার্য্যস্য পত্নী অন্যজাতীয়াপি আচার্য্যানী ইন্দ্রভবেত্যাদিনা ঈপ্রত্যয়ঃ আনন্তশ্চ। ক্ষুভ্নাদিত্বাৎ ণত্বনিষেধঃ।

(গ) বৈশ্যস্য ভার্য্যা শূদ্রাপি চেদর্য্যী। এবং ক্ষত্রিয়স্যাপি পুংযোগাদ-জ্যেষ্ঠাদি পালকাদীঃ।

(ঘ) উপেতি। দ্বয়ম্ উপাধ্যায়পত্ন্যাং মূর্খায়ামপি।

(ঘ) স্ত্রীপুংসয়োর্লক্ষণং চিহ্নং স্তনশ্মশ্রাদিরূপং যস্যাঃ সা পোটা।

(৪৮) কাত্যায়ন্যর্দ্ধবৃদ্ধা (ক) যা কাষায়বসনাঽধবা ॥
(৪৯) সৈরিন্ধ্রী (খ) পরবেশ্মস্থা স্ববশা শিল্পকারিকা।
(৫০) অসিক্নী (গ) স্যাদবৃদ্ধা যা প্রেষ্যান্তঃপুরচারিণী ॥
(৫১) বারস্ত্রী (ঘ) গণিকা বেশ্যা রূপাজীবা-(৫২)ঽথ সা জনৈঃ ॥
সৎকৃতা বারমুখ্যা (ঙ) স্যাৎ (৫৩) কুট্টনী শম্ভলী (চ) সমে ॥

স্ত্রীপুরুষের বার্ত্তাবাহিকা স্ত্রীর বাচক—দূতী, সঞ্চারিকা (স্ত্রী)। (৪৮) অর্দ্ধবৃদ্ধা, কষায়িতবস্ত্রা, বিধবা স্ত্রীর বাচক—কাত্যায়নী (স্ত্রী)। (৪৯) যে স্ত্রীলোক পরগৃহে থাকিয়াও স্বাধীন থাকে এবং শিল্পকার্য্য করে, তাহার বাচক—সৈরিন্ধ্রী। (৫০) অন্তঃপুরচারিণী যুবতি দাসীর নাম—অসিক্নী (স্ত্রী)। (৫১) বেশ্যার নাম—বারস্ত্রী, গণিকা, বেশ্যা, রূপাজীবা (স্ত্রী)। (৫২) গুণবতী বেশ্যার নাম—বারমুখ্যা (স্ত্রী)। (৫৩) যে স্ত্রীলোক নানাপ্রকার কথা বলিয়া পরপুরুষের সহিত পরস্ত্রীর যোগ করায়, কিংবা একের সহিত অন্যের বিচ্ছেদ জন্মায় তাহার নাম—কুট্টনী, শম্ভলি।

(ক) অর্দ্ধবৃদ্ধা কাষায়বস্ত্রা বিধবা চেতি বিশেষণত্রয়বিশিষ্টা কাত্যায়নী। "কাত্যায়নী ভবেদ্‌গৌর্য্যাং ভিক্ষুকাধবয়োরপি" ইত্যজয়ঃ।

(খ) সৈরীতি। পরগৃহস্থা আত্মবশা প্রসাধনাদিশিল্পকারিণী চ যা সা সৈরিন্ধ্রী। স্বৈরম্ ইন্ধতে দীপ্যতে পৃষোদরাদিঃ।

(গ) মহাদেবীনাং প্রেষ্যাঽন্তঃপুরচারিণী অবৃদ্ধা চেতি বিশেষণত্রয়যুক্তা অসিক্নী।

(ঘ) বারেতি। চতুষ্কং বেশ্যায়াম্। বারস্ত্রী সংঘাতবিপর্য্যস্তা। অতঃ "স্ত্রীবারঃ"।

(ঙ) সা বেশ্যা গুণাতিরেকাজ্জনৈঃ সম্মানিতা চেদ্বারমুখ্যা।

(চ) দ্বয়ং বাক্‌প্রপঞ্চিকায়াং বেশ্যায়াম্। মায়াবিন্যামিতি কেচিৎ। দূতীবিশেষে ইতি সুভূঃ। পরপুরুষেণ সহ পরনারীযোজয়িত্র্যাং কূটনীতিখ্যাতায়ামিতি ভরতঃ।

(৫৪) বিপ্রশ্নিকা ত্বীক্ষণিকা দৈবজ্ঞা-(৫৫)ঽথ রজস্বলা (ক)।
স্ত্রীধর্ম্মিণ্যবিরাত্রেয়ী মলিনী পুষ্পবত্যপি ॥
ঋতুমত্যপ্যুদক্যাপি (৫৬) স্যাদ্রজঃ পুষ্পমার্ত্তবম্।
(৫৭) শ্রদ্ধালুর্দোহদবতী (৫৮) নিষ্কলা বিগতার্ত্তবা ॥
(৫৯) আপন্নসত্ত্বা স্যাদ্‌গুর্ব্বিণ্যন্তর্বত্নী চ গর্ভিণী।
(৬০) গণিকাদেস্তু (খ) গাণিক্যং গার্ভিণং যৌবতং গণে ॥
(৬১) পুনর্ভূর্দ্দিধিষূরূঢ়া দ্বি-(৬২)স্তস্যা দিধিষুঃ (গ) পতিঃ।
স তু দ্বিজোঽগ্রেদিধিষুঃ (ঘ) সৈব যস্য কুটুম্বিনী ॥

(৫৪) শুভাশুভনিরূপিণী স্ত্রীর নাম—বিপ্রশ্নিকা, ঈক্ষণিকা, দৈবজ্ঞা (স্ত্রী)। (৫৫) রজস্বলা স্ত্রীর নাম—রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, অবী, [অবি] আত্রেয়ী, মলিনী, পুষ্পবতী, ঋতুমতী, উদক্যা (স্ত্রী)। (৫৬) স্ত্রী-রজোবাচক —রজস্, পুষ্প, আর্ত্তব (ক্লী)। (৫৭) গর্ভাবস্থায় উৎকৃষ্ট অন্নপানাদি অভিলাষিণী স্ত্রীর বাচক—শ্রদ্ধালু, দোহদবতী (স্ত্রী)। (৫৮) গতরজস্কা স্ত্রীর নাম—নিষ্কলা, বিগতার্ত্তবা (স্ত্রী)। (৫৯) গর্ভবতী স্ত্রীর বাচক—আপন্নসত্ত্বা, গুর্ব্বিণী, অন্তর্ব্বত্নী, গর্ভিণী (স্ত্রী)। (৬০) গাণিক্যশব্দে গণিকাসমূহ, গার্ভিণশব্দে গর্ভিণীসমূহ এবং যৌবতশব্দে যুবতীসমূহ বুঝায়—গাণিক্য, গর্ভিণ, যৌবত (ক্লী)। (৬১) দুইবার বিবাহিতা স্ত্রীর নাম —পুনর্ভূ, দিধিষু (স্ত্রী)। (৬২) বিবাহিতা স্ত্রীকে পুনরায় যে বিবাহ করে, তাহাকে দিধিষু এবং ঐ দিধিষু দ্বিজ হইলে তাহাকে

(ক) রজ ইতি। রজোঽদন্তশ্চ—"রজোঽপি রজসা সার্দ্ধং স্ত্রীপুষ্পগুণধূলিষু" ইতি দর্শনাৎ।

(খ) গণিকাদের্গণে সমূহে যণ্। আদিনা কৌট্টিন্যং শান্তল্যমিত্যাদি।

(গ) তস্যা দিধিষ্বাঃ পতির্দিধিষুঃ পৃষোদরাদিত্বাৎ হ্রস্বঃ।

(ঘ) সৈব দিধিষূর্যস্য কুটুম্বিনী পুত্রপৌত্রপ্রতিষ্ঠিতা। ন দ্বিজশ্চেদগ্রেদিধিষুঃ।

(৬৩) কানীনঃ (ক) কন্যকাজাতঃ সুতো-(৬৪) ঽথ সুভাগসুতঃ।
সৌভাগিনেয়ঃ (খ) স্যাৎ (৬৫) পারস্ত্রৈণেয়স্তু(গ)পরস্ত্রিয়াঃ॥
(৬৬) পৈতৃষ্বসেয়ঃ স্যাৎ পৈতৃষ্বস্রীয়শ্চ পিতৃষ্বসুঃ।
(৬৭) সুতো মাতৃষ্বসুশ্চৈবং (ঘ) (৬৮) বৈমাত্রেয়ো বিমাতৃজঃ॥
(৬৯) অথ (ঙ) বান্ধকিনেয়ঃ স্যাদ্বন্ধুলশ্চাঽসতীসুতঃ।
কৌলটেরঃ কৌলটেয়ো (৭০) ভিক্ষুকী (চ) তু সতী যদি।
তদা কৌলটিনেয়োঽস্যাঃ কৌলটেয়োঽপি চাত্মজঃ।

অগ্রেদিধিষু বলে (পুং)। (৬৩) অবিবাহিতা কন্যার পুত্রের নাম—কানীন। (৬৪) ভাগ্যবতী স্ত্রীর পুত্রের নাম—সৌভাগিনেয় (পুং)। (৬৫) পরস্ত্রীর গর্ভজাত পুত্রের নাম—পারস্ত্রৈণেয় (পুং)। (৬৬) পিতৃষ্বসার পুত্রের নাম—পৈতৃষ্বসেয় এবং পৈতৃষ্বস্রীয়। (৬°) মাতৃষ্বসার পুত্রের নাম—মাতৃষ্বসেয় এবং মাতৃষ্বস্রীয়। (৬৮) বিমাতার পুত্রবাচক—বৈমাত্রেয় (পুং)। (৬৯) বেশ্যাপুত্রবাচক—বান্ধকিনেয়, বন্ধুল, অসতীসুত, কৌলটের, কৌলটেয় (পুং)। (৭০) যে সকল সতী স্ত্রী, ভিক্ষার জন্য কুলে ভ্রমণ করে, তাহাকেও কুলটা বলে; অতএব সতী ভিক্ষুকী স্ত্রীর পুত্রের নাম—কৌলটিনেয়

(ক—গ) কানীতি। অনূঢ়ায়া আত্মজঃ কানীনঃ, ব্যাসকর্ণাদিঃ। সুভগায়া অপত্যম্ এয়ণি ইনাদেশোঽন্তস্য তমাদিত্বাৎ। যস্য কস্যাপি পরস্ত্রিয়াং জাতঃ পূর্ব্ববৎ ঐত্বঞ্চৈকারস্য।

(ঘ) পৈত্রিতি। দ্বয়ং পিতৃষ্বসুঃ সুতে। ষষ্ঠীসমাসে মাতৃপিতৃভ্যাং স্বসুরেয়ণ্ অন্তলোপশ্চ। অন্যত্র ঈয়ঃ। এবং মাতৃষ্বসেয়ঃ মাতৃষ্বস্রীয়ঃ। মাতৃপিতৃভ্যাং স্বসুরিতি ষত্বম্।

(ঙ—চ) বান্ধেতি। পঞ্চ কুলটাপুত্রে। সতী যা ভিক্ষার্থং কুলানি গৃহাণি অটতি ন তু জারার্থম্, সাপি কুলটা তদাত্মজে কৌলেতি দ্বয়ম্।

(৭১) আত্মজস্তনয়ঃ সূনুঃ সুতঃ পুত্রঃ স্ত্রিয়াস্ত্বমী।
আহুদু হিতরং(ক)সর্ব্বে-(৭২) ঽপত্যং(খ)তোকং তয়োঃ সমে।
(৭৩) স্বজাতে ত্বৌরসোরস্যৌ (গ) (৭৪) তাতস্তু জনকঃ পিতা।
(৭৫) জনয়িত্রী প্রসূর্মাতা জননী (৭৬) ভগিনী স্বসা॥
(৭৭) ননান্দা তু স্বসা পত্যু-(৭৮) র্নপ্ত্রী পৌত্রী সুতাত্মজা।
(৭৯) ভার্য্যাস্তু (ঘ) ভ্রাতৃবর্গস্য যাতরঃ স্যুঃ পরস্পরম্।

এবং কৌলটেয় (পুং)। (৭১) পুত্রবাচক—আত্মজ, তনয়, সূনু, সুত, পুত্র [পুত্র] (পুং)। ঐ আত্মজাদি শব্দ যখন স্ত্রীলিঙ্গ হয়, তখন কন্যাকে বুঝায়। যথা—আত্মজা, তনয়া, সূনু, সুতা, পুত্রী। (৭২) অপত্য ও তোক শব্দে পুত্র কিংবা কন্যাকে বুঝায়—অপত্য, তোক (ক্লী)। (৭৩) স্বস্ত্রীতে নিজ হইতে জাত পুত্রের নাম—ঔরস, উরস্য [ঔরস্য] (পুং)। (৭৪) পিতার বাচক—তাত, জনক, পিতৃ (পুং)। (৭৫) মাতার বাচক—জনয়িত্রী, প্রসূ, মাতৃ, জননী (স্ত্রী)। (৭৬) ভগিনীর বাচক—ভগিনী, স্বসৃ (স্ত্রী)। (৭৭) স্বামীর ভগিনীর নাম—ননান্দৃ [ননন্দৃ] (স্ত্রী)। (৭৮) পুত্র কিংবা কন্যার

(ক) পুত্রো দ্বিতকার একতকারশ্চ। অমী আত্মজাদ্যাঃ পঞ্চ স্ত্রিয়াং বর্ত্তমানা দুহিতরমাহুঃ। যথা—আত্মজা, তনয়া, সূনুঃ, সুতা, পুত্রীতি।

(খ) অপেতি। দ্বয়মপত্যসামান্যে—পুত্রে 'দুহিতরি চ। তয়োঃ পুত্রদুহিত্রোঃ। সমে ইত্যুপাদানাৎ ক্লীব এব।

(গ) ঔরেতি। দ্বয়ং সবর্ণায়ামূঢ়ায়াং স্বয়ং জনেতি পুত্রে। স্বজাত-শব্দেন গোলক-কুণ্ডাদীনাং নিরাসঃ।

(ঘ) ভেতি। রূঢ়িবশাৎ পতিভ্রাতৃবর্গস্যেতি বোধ্যম্। একা পতিভ্রাতৃজায়া অন্যস্যাঃ পতিভ্রাতৃজায়া যাতা। পরস্পরমন্যোঽন্যং ভ্রাতৃবর্গস্য ভার্য্যা যাতরঃ স্যুরিত্যন্বয়ঃ।

(৮০) প্রজাবতী (ক) ভ্রাতৃজায়া (৮১) মাতুলানী তু মাতুলী ॥
(৮২) পতি-(খ)পত্ন্যোঃ প্রসূঃ শ্বশ্রূঃ (৮৩)শ্বশুরস্তু(গ)পিতা তয়োঃ ।
(৮৪) পিতুর্ভ্রাতা পিতৃব্যঃ(ঘ)স্যা-(৮৫) ন্মাতুর্ভ্রাতা তু মাতুলঃ(ঙ) ॥
(৮৬) শ্যালাঃ(চ)স্যুর্ভ্রাতরঃ পত্ন্যাঃ (৮৭) স্বামিনো দেবৃদেবরৌ(ছ) ।
(৮৮) স্বস্রীয়ো(জ)ভাগিনেয়ঃ স্যা-(৮৯) জ্জামাতা(ঝ)দুহিতুঃ পতিঃ ॥

কন্যার নাম—নপ্ত্রী [নপ্তৃ]। পুত্রের কন্যার নাম—পৌত্রী (স্ত্রী)। (৭৯) স্বামীর ভ্রাতৃবর্গের স্ত্রী পরস্পর পরস্পরের যাতা [যা, যাতৃ] বলিয়া কথিত হয়—যাতৃ (স্ত্রী)। (৮০) ভ্রাতৃবধূবাচক —প্রজাবতী, ভ্রাতৃজায়া (স্ত্রী)। (৮১) মাতুলের স্ত্রীর (মামীর) নাম—মাতুলানী, মাতুলী (স্ত্রী)। (৮২) স্বামী কিংবা স্ত্রীর মাতার নাম—শ্বশ্রূ (স্ত্রী)। (৮৩) স্বামী বা স্ত্রীর পিতার নাম—শ্বশুর (পুং)। (৮৪) পিতার ভ্রাতার নাম—পিতৃব্য (পুং)। (৮৫) মাতার ভ্রাতার নাম—মাতুল (পুং)। (৮৬) স্ত্রীর ভ্রাতার নাম—শ্যাল (পুং)। (৮৭) স্বামীর কনিষ্ঠ ভ্রাতার নাম—দেবৃ, দেবর (পুং)। (৮৮) ভগিনীর পুত্রের নাম—স্বস্রীয়, ভাগিনেয় (পুং)। (৮৯) দুহিতার স্বামীর

(ক) প্রজেতি। দ্বয়ং ভ্রাতৃপত্ন্যাম্। জ্যেষ্ঠভ্রাতৃপত্ন্যামেবেত্যন্যে ইতি ভরতঃ।

(খ—চ) পতীতি। পতিপত্ন্যোঃ প্রসূর্মাতা ব্যুৎক্রমাৎ তয়োঃ শ্বশ্রূঃ। তয়োঃ পতিপত্ন্যোঃ পিতা অন্যোহন্যস্য শ্বশুরঃ ইত্যন্বয়ঃ। পিতুর্ভ্রাতরি পিতৃব্যঃ। মাতুর্ভ্রাতরি মাতুলঃ।

(ছ—ঝ) শ্যালা ইতি। পত্নীভ্রাতা শ্যালঃ। শ্যৈঙ্ গতৌ লচ্। দেবৃরিতি দ্বয়ং স্বামিনঃ কনিষ্ঠভ্রাতরি। জ্যেষ্ঠে তু শ্বশুর এব। স্বস্রীতি দ্বয়ং ভগিন্যাঃ পুত্রে। দুহিতুঃ পতিঃ জামাতা কথ্যতে। অয়ং চবর্গাদিরন্তস্থাদিরপি। "জামাতাপি চ যামাতে"তি দ্বিরূপকোষাৎ।

(৯০) পিতামহঃ পিতৃপিতা (৯১) তৎপিতা প্রপিতামহঃ।
(৯২) মাতুর্মাতামহাদ্যেবং (৯৩) সপিণ্ডাস্তু সনাভয়ঃ ॥
(৯৪) সমানোদর্য্য-সোদর্য্য-সগর্ভ্য-সহজাঃ সমাঃ।
(৯৫) সগোত্র-বান্ধব-জ্ঞাতি-বন্ধু-স্ব-স্বজনাঃ সমাঃ ॥
(৯৬) জ্ঞাতেয়ং (ক) বন্ধুতা তেষাং ক্রমাদ্ভাবসমূহয়োঃ।
(৯৭) ধবঃ প্রিয়ঃ পতির্ভর্ত্তা (৯৮) জারস্তূপপতিঃ সমৌ ॥
(৯৯) অমৃতে (খ) জারজঃ কুণ্ডো (১০০) মৃতে ভর্ত্তরি গোলকঃ।

নাম—জামাতৃ [যামাতৃ] (পুং)। (৯০) পিতার পিতার নাম—পিতামহ (পুং)। (৯১) পিতামহের পিতার নাম—প্রপিতামহ (পুং)। (৯২) মাতার পিতার নাম—মাতামহ (পুং)। মাতামহের পিতার নাম—প্রমাতামহ (পুং)। (৯৩) সাত পুরুষ পর্য্যন্ত একবংশজাত ব্যক্তিদিগকে সপিণ্ড ও সনাভি বলে—সপিণ্ড, সনাভি (পুং)। (৯৪) সহোদর ভ্রাতাকে সমানোদর্য্য, সোদর্য্য, সগর্ভ্য, সহজ (পুং); [সোদর, সহোদর—(পুং)] বলে। (৯৫) জ্ঞাতিমাত্রবাচক—সগোত্র, বান্ধব, জ্ঞাতি, বন্ধু, স্ব, স্বজন (পুং)। (৯৬) জ্ঞাতেয় এবং বন্ধুতাশব্দে যথাক্রমে জ্ঞাতিত্ব ও বন্ধুসমূহ বুঝায়—জ্ঞাতেয় (ক্লী); বন্ধুতা (স্ত্রী)। (৯৭) স্বামীর বাচক—ধব, প্রিয়, পতি, ভর্ত্তৃ (পুং)। (৯৮) উপপতি-বাচক—জার, উপপতি (পুং)। (৯৯) পতি বিদ্যমান থাকিতে উপপতিকর্ত্তৃক উৎপাদিত পুত্রের নাম—কুণ্ড (পুং)। (১০০) পতির মৃত্যুর পর উপপতিজাত

(ক) জ্ঞাত ইতি। জ্ঞাতীনাং ভাবে এয়ণ্। বন্ধূনাং সমূহে "গ্রামজনবন্ধুসহায়েভ্যস্তল্" ইতি তল্।

(খ) অমৃত ইতি। অমৃতে জীবতি ভর্ত্তরি জারজঃ সুতঃ কুণ্ডঃ। মৃতে ভর্ত্তরি জারজো গোলকাখ্যঃ।

(১০১) ভ্রাত্রীয়ো (ক) ভ্রাতৃজো ভ্রাতৃ-
(১০২) ভগিন্যৌ (খ) ভ্রাতরাবুভৌ ॥
(১০৩) মাতাপিতরৌ পিতরৌ মাতরপিতরৌ চ তৌ।
[তাতজনয়িত্রৌ * (গ)।]
(১০৪) শ্বশ্রূশ্বশুরৌ শ্বশুরৌ (১০৫) পুত্রৌ পুত্রশ্চ (ঘ) দুহিতা চ ॥
(১০৬) দম্পতী জম্পতী জায়াপতী ভার্য্যাপতী চ তৌ।
(১০৭) গর্ভাশয়ো জরায়ুঃ স্যাদুল্বঞ্চ কললোঽস্ত্রিয়াম্ ॥
(১০৮) সূতিমাসো বৈজননো (১০৯) গর্ভো ভ্রূণ ইমৌ সমৌ।

পুত্রের নাম—গোলক (পুং)। (১০১) ভ্রাতৃপুত্রবাচক—ভ্রাত্রীয়, ভ্রাতৃজ, [ভ্রাতৃব্য] (পুং)। (১০২) দ্বিবচনান্ত ভ্রাতৃশব্দে ভ্রাতা ও ভগিনী উভয়কে বুঝায়। (১০৩) দ্বিবচনান্ত মাতাপিতৃ, পিতৃ এবং মাতরপিতৃ শব্দে মাতা-পিতা উভয় বুঝায় (পুং)। (১০৪) দ্বিবচনান্ত শ্বশুর শব্দ ও শ্বশ্রূশ্বশুর শব্দ শ্বশুর ও শাশুড়ী উভয়কেই বুঝায়। দুই জনকে একত্র বুঝায় বলিয়া এই সকল শব্দ দ্বিবচনান্তই হইয়া থাকে। (১০৫) দ্বিবচনান্ত পুত্র শব্দে পুত্র ও দুহিতা উভয়কে বুঝায় (পুং)। (১০৬) স্বামী এবং স্ত্রী উভয়ের বাচক—দম্পতি, জম্পতি, জায়াপতি, ভার্য্যাপতি (পুং)। ইহারাও দ্বিবচনান্তই

(ক—খ) ভ্রেতি। দ্বয়ং ভ্রাতৃপুত্রে। অপত্যে ভ্রাতুর্ব্যপ্রত্যয়ে ভ্রাতৃব্যোঽপি। ইদানীমেকশেষং দর্শয়তি—ভ্রাতা চ স্বসা চেতি ভ্রাত্রা দ্বন্দ্বে স্বসুঃ পুত্রেণ দুহিতুরিতি স্বসুর্লোপঃ। ভ্রাতৃভগিন্যৌ ভ্রাতরাবুচ্যেতে।

(গ—ঘ) মাতেতি। দ্বয়ং তাতজনয়িত্র্যোঃ। পিতরাবিতি। দ্বিবচনেনৈব দ্বাবুচ্যেতে। শ্বশুরেণ দ্বন্দ্বে শ্বশ্র্বা লোপঃ। পুত্রেণ দুহিতুর্লোপঃ।

* পাঠান্তরং—প্রসূজনয়িতারৌ।

(১১০) তৃতীয়া-(ক) প্রকৃতিঃ শণ্ডঃ ক্লীবং পণ্ডো নপুংসকম্॥
(১১১) শিশুত্বং শৈশবং বাল্যং (১১২) তারুণ্যং(খ)যৌবনং সমে।
(১১৩) স্যাৎ স্থাবিরন্তু (গ) বৃদ্ধত্বং বৃদ্ধসজ্ঘেঽপি বার্দ্ধকম্॥
(১১৪) পলিতং (ঘ) জরসা শৌক্ল্যং
(১১৫) কেশাদৌ বিস্রসা (ঙ) জরা।

হয়। (১০৭) জরায়ুবাচক—গর্ভাশয়, জরায়ু (পুং), উল্ব, কলল (পুং-ক্লী)। (১০৮) প্রসবমাসবাচক—সূতিমাস, বৈজনন (পুং)। (১০৯) উদরস্থ প্রাণী নাম—গর্ভ, ভ্রূণ (পুং)। (১১০) নপুংসকবাচক—তৃতীয়া প্রকৃতি (স্ত্রী), শণ্ড (পুং), [ষণ্ড] ক্লীব (ক্লী-পুং), পণ্ড (পুং), নপুংসক (ক্লী)। (১১১) বাল্যাবস্থাবাচক—শিশুত্ব, শৈশব, বাল্য (ক্লী)। (১১২) যৌবনবাচক—

(ক) প্রকারস্ত তৃতীয়ত্বং স্ত্রীপুংসাবপেক্ষ্য। তত্র প্রথমা প্রকৃতিঃ স্ত্রী, দ্বিতীয়া প্রকৃতিঃ পুমান্, তৃতীয়া প্রকৃতিঃ ক্লীবম্। "বোঢ়া ন ভারিকে সূতে ষণ্ডঃ স্যাৎ পুংসি গোপতৌ। আকৃষ্টাণ্ডে বর্ষবরে তৃতীয়প্রকৃতাবপী"তি মেদিনী। "তালব্যপূর্ব্বষ্টচতুর্থপশ্চিমঃ স্যাদ্‌গোপতৌ বর্ষবরে নপুংসকে। তালব্যমূর্দ্ধন্যমুখস্ত ডান্তিমঃ ষণ্ডঃ সরোজাদিবনে তথেট্‌চরে।" ইতি রত্নকোষঃ।

(খ) তেতি। দ্বয়ং যৌবনে। "কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। কৈশরমাপঞ্চদশ যৌবনন্তু ততঃ পরম্॥" ইতি স্মৃতিঃ।

(গ) স্থেতি। দ্বয়ং বৃদ্ধভাবে। বৃদ্ধসমূহে বার্দ্ধকম্। অপিকারাৎ বৃদ্ধত্বেঽপি।

(ঘ) কেশলোম্নি যজ্জরসা শৌক্ল্যং ন তু রোগাদিনা তৎ পলিতম্।

(ঙ) বিস্রেতি। দ্বয়ং বলিপলিতাদিনা কায়পরিপাকে। বিস্রংসয়তি পাতয়তীতি ভিদাদ্যঙ্।

(১১৬) স্যাদুত্তানশয়া (ক) ডিম্ভা (খ) স্তনপা চ স্তনন্ধয়ী ॥
(১১৭) বালস্তু স্যান্মাণবকো (১১৮) বয়স্থস্তরুণো যুবা ।
(১১৯) প্রবয়াঃ স্থবিরো বৃদ্ধো জীনো জীর্ণো জরন্নপি ॥
(১২০) বর্ষীয়ান্ দশমী জ্যায়ান্ (১২১) পূর্ব্বজস্ত্বগ্রিয়োঽগ্রজঃ ।
(১২২) জঘন্যজে স্যুঃ কনিষ্ঠযবীয়োঽবরজাঽনুজাঃ ॥
(১২৩) অমাংসো দুর্ব্বলশ্ছাতো (১২৪) বলবান্মাংসলোঽংসলঃ ।
(১২৫) তুন্দিল-(গ) স্তুন্দিক-[ভ] স্তুন্দী বৃহৎকুক্ষিঃ পিচিণ্ডিলঃ ॥
(১২৬) অবটীটো-(ঘ) ঽবনাটশ্চাঽবভ্রটো নতনাসিকে ॥

তারুণ্য, যৌবন (ক্লী)। (১১৩) স্থাবির ও বৃদ্ধত্বশব্দে বৃদ্ধাবস্থা এবং বার্দ্ধক [বার্দ্ধক্য] শব্দে বৃদ্ধাবস্থা ও বৃদ্ধসমূহকে বুঝায়—স্থাবির, বৃদ্ধত্ব, বার্দ্ধক্য (ক্লী)। (১১৪) জরাদ্বারা যে কেশরোমাদির ধাবল্যাবস্থা হয়, তাহার বাচক —পলিত (ক্লী)। (১১৫) জরাবাচক—বিস্রসা, জরা (স্ত্রী)। (১১৬) অতিশয় শিশুর নাম—উত্তানশয়, ডিম্ভ, স্তনপ, স্তনন্ধয় (ত্রি)। (১১৭) বালকবাচক —১৬ বৎসর পর্য্যন্ত বালক, তাহার পর তরুণ, বাল, মাণবক (ত্রি)। (১১৮) বয়স্থবাচক—বয়স্ত, যুবন্ (ত্রি)। (১১৯) বৃদ্ধবাচক—প্রবয়স্, স্থবির, বৃদ্ধ, জীন, জীর্ণ, জরৎ [ন্ত্] (ত্রি)। (১২০) অতিবৃদ্ধবাচক—বর্ষীয়ন্ [স্],

---

(ক) উত্তানাদি চতুষ্কমতিশয়বালকে। ত্রিষু জরাবরা ইতি বক্ষ্যমাণত্বেন ত্রিষু। স্ত্রীলিঙ্গনির্দ্দেশস্তু স্ত্রীপ্রত্যয়নিদর্শনার্থঃ।

(খ) অনণ্ডে বয়স্তপ্যা প্রত্যয়োঽণ্ডাদিপাঠাৎ। সিংহাদিবর্গে পোতসামান্যে পঠিতস্যাপি ডিম্ভস্য পুনরুপাদানম্ উত্তানশয় এব মানুষশিশাবস্য প্রয়োগো ন সামান্যেঽণ্ডজাদীনামুত্তানশয়ে বৃত্তিরিতি সূচনার্থম্।

(গ—ঘ) তুন্দীতি পঞ্চ বৃহদুদরে। আবেতি। চতুষ্কং নতনাসিকায়াং ফৈটানাক ইতি খ্যাতায়াম্। তদ্যুক্তে পুরুষেঽপি।

(১২৭) কেশবঃ কেশিকঃ কেশী (১২৮) বলিনো বলিভঃ সমৌ।
(১২৯) বিকলাঙ্গস্তু পোগণ্ডঃ (১৩০) খর্ব্বো হ্রস্বশ্চ বামনঃ।
(১৩১) খরণাঃ স্যাৎ খরণসো (১৩২) বিগ্রস্তু গতনাসিকঃ॥
(১৩৩) খুরণাঃ(ক)স্যাৎ খুরণসঃ (১৩৪) প্রজ্ঞুঃ প্রগতজানুকঃ (খ)।
(১৩৫) উর্দ্ধজ্ঞু-(গ)রূর্দ্ধজানুঃ স্যাৎ (১৩৬) সংজ্ঞুঃ সংহতজানুকঃ।

দশমিন্, জ্যায়ন্ [স্] (ত্রি)। (১২১) জ্যেষ্ঠবাচক—পূর্ব্বজ, অগ্রিয়, অগ্রীয় (ত্রি)। (১২২) কনিষ্ঠবাচক—জঘন্যজ, কনিষ্ঠ, কনীয়ন্ [স্], যবীয়ন্ [স্] অবরজ, অনুজ (ত্রি)। (১২৩) দুর্ব্বলবাচক—অমাংস, দুর্ব্বল, ছাত, [শাত] (ত্রি)। (১২৪) বলবান্ ব্যক্তির নাম—বলবন্ত্ [ৎ], মাংসল, অংসল (ত্রি)। (১২৫) স্থূলোদর ব্যক্তির বাচক—তুন্দিল, তুন্দিক [তুন্দিভ], তুন্দিন্, বৃহৎকুক্ষি, পিচিণ্ডিল (ত্রি)। (১২৬) নতনাসিক ব্যক্তির নাম—অবটীট, অবনাট, অবভ্রট (ত্রি)। (১২৭) সুকেশবিশিষ্ট ব্যক্তির নাম—কেশব, কেশিক, কেশিন্ (ত্রি)। (১২৮) বলিযুক্ত ব্যক্তির নাম—বলিন্, বলিভ (ত্রি)। (১২৯) স্বভাবতঃ অঙ্গহীন ব্যক্তির নাম—বিকলাঙ্গ, পোগণ্ড [অপোগণ্ড] (ত্রি)। (১৩০) খর্ব্ববাচক—খর্ব্ব, হ্রস্ব, বামন (ত্রি)। (১৩১) উন্নতনাসিক ব্যক্তির নাম—খরণস্, খরণস (ত্রি)। (১৩২) নাসিকাবিহীন ব্যক্তির নাম—বিগ্র, [বিখু, বিখ্র], গতনাসিক (ত্রি)। (১৩৩) খুরাকার নাসিকাযুক্ত ব্যক্তির নাম—খুরণস্, খুরণস

(ক) খুরেতি। দ্বয়ং গবাদীনাং খুরাকারনাসিকে। কবর্গাদিরয়ম্।

(খ) প্রেতি। দ্বয়ং ভেঙ্গুড়া ইতি খ্যাতে। জানুনোর্মধ্যে নিত্যং কাদাচিৎকং বা মহদন্তরালং তস্মিন্ দ্বয়ম্।

(গ) উর্দ্ধেতি। দ্বয়ং দীর্ঘজানুকে। উর্দ্ধং তিষ্ঠতো যস্য জানুনী বৃহত্যৌ দৃশ্যেতে তত্র।

(১৩৭) স্যাদেড়ে (ক) বধিরঃ (১৩৮) কুব্জে
　　গড়ুলঃ (১৩৮ক) কুকরে (খ) কুণিঃ ।
(১৩৯) পৃশ্নিরল্পতনৌ (১৪০) শ্রোণঃ পঙ্গৌ (১৪১) মুণ্ডস্তু মুণ্ডিতে ॥
(১৪২) বলিরঃ(গ) কেকরে (১৪৩) খোড়ে খঞ্জস্ত্রিষু জরাবরাঃ (ঘ) ।
(১৪৪) জটু-[ড়ু]লঃ (ঙ) কালকঃ পিপ্লু-

(ত্রি)। (১৩৪) ভগ্নজানু ব্যক্তির বাচক—প্রজ্ঞু [প্রজ্ঞ], বিগতজানুক (ত্রি)। (১৩৫) দীর্ঘজানু ব্যক্তির বাচক—ঊর্দ্ধজ্ঞু, ঊর্দ্ধজানু [ঊর্দ্ধজ্ঞ] (ত্রি)। (১৩৬) লগ্নজানু ব্যক্তির বাচক—সংজ্ঞু [সংজ্ঞ], সংহতজানু (ত্রি)। (১৩৭) শ্রবণশক্তিহীন ব্যক্তির বাচক—এড়, বধির (ত্রি)। (১৩৮) কুঁজো ব্যক্তির নাম—কুব্জ, গড়ুল (ত্রি)। (১৩৮ক) কুণিযুক্ত করবিশিষ্ট ব্যক্তির বাচক—কুকর, কুণি (ত্রি)। (১৩৯) খর্ব্বাকার দুর্ব্বলের নাম—পৃশ্নি, অল্পতনু (ত্রি)। (১৪০) পঙ্গুবাচক—শ্রোণ, পঙ্গু (ত্রি)। (১৪১) মুণ্ডিত মস্তকের নাম—মুণ্ড, মুণ্ডিত (ত্রি)। (১৪২)

(ক) এড় ইতি। দ্বয়ং শ্রুতিশক্তিহীনে "কালা" ইতি খ্যাতে। ইল্ প্রেরণেঽচ্ ।

(খ) কুকেতি। দ্বয়ং রোগাদিনা দূষিতকরে, কুঞ্চিতকরে বা। কোঁপা বা কোঁগা ইতি খ্যাতে।

(গ) বলীতি। দ্বয়ং "টেরা" ইতি খ্যাতে। "টেরে বলিরকেকরা"-বিতি রভসঃ।

(ঘ) খোড় ইতি। দ্বয়ং খোড়ে ('খোঁড়া' ইতি খ্যাতে)। জরাবরাঃ জরাশব্দাৎ অবরাঃ পরে উত্তানশয়াদয়ঃ খঞ্জান্তাঃ ত্রিষিত্যর্থঃ।

(ঙ) জটিবতি। ত্রয়ং শরীরগতজট ইতি খ্যাতে কৃষ্ণচিহ্নভেদে। জটযুক্তপুরুষেঽপীতি কশ্চিৎ।

(১৪৫) স্তিলকস্তিলকালকঃ (ক) ॥
(১৪৬) অনাময়ং স্যাদারোগ্যং
(১৪৭) চিকিৎসা রুক্‌প্রতিক্রিয়া।
(১৪৮) ভেষজৌষধভৈষজ্যান্যগদো জায়ুরিত্যপি ॥
(১৪৯) স্ত্রী রুগ্‌রুজা চোপতাপরোগব্যাধিগদাময়াঃ।
(১৫০) পুমান্ যক্ষ্মা (খ) ক্ষয়ঃ শোষঃ
(১৫১) প্রতিশ্যায়স্তু পীনসঃ ॥
[ক্ষয়ঃ শোষশ্চ যক্ষ্মা চ প্রতিশ্যায়স্তু পীনসঃ।]
(১৫২) স্ত্রী ক্ষুৎ ক্ষুতং ক্ষবঃ পুংসি (১৫৩) কাসস্তু ক্ষবথুঃ পুমান্।
(১৫৪) শোফস্তু শ্বয়থুঃ শোথঃ

টেড়া ব্যক্তির নাম—বলির, কেকর (ত্রি)। (১৪৩) খঞ্জ ব্যক্তির নাম—খোঁড়া, খঞ্জ, জরাবর (ত্রি)। (১৪৪) জটবিশিষ্ট (কালির দাগের মত) ব্যক্তির নাম—জটু-[ড়ু]ল, কালক, পিপ্লু (পুং)। (১৪৫) তিলচিহ্নবাচক—তিলক, তিলকালক (পুং); কাহারও মতে জটুলাদি এই পাঁচটী শব্দই একার্থক। (১৪৬) সুস্থতার নাম—অনাময়, আরোগ্য (ক্লী)। (১৪৭) রোগপ্রতীকারবাচক—চিকিৎসা, রুক্‌প্রতিক্রিয়া (স্ত্রী)। (১৪৮) ঔষধবাচক—ভেষজ, ঔষধ, ভৈষজ্য (ক্লী); অগদ, জায়ু (পুং)। (১৪৯) রোগবাচক—রুজ্, রুজা (স্ত্রী); উপতাপ, রোগ, ব্যাধি, গদ, আময় (পুং)। (১৫০) যক্ষ্মারোগবাচক—যক্ষন্ [রাজযক্ষ্মন্] ক্ষয়, শোষ (পুং)। (১৫১) নাসারোগবাচক—প্রতিশ্যায়, পীনস [অপীনস] (পুং)।

(ক) তিলেতি। দ্বয়ং গাত্রে তিলাকারচিহ্নে।

(খ) যক্ষ্মেতি। ত্রয়ং যক্ষ্মণি রোগে। রাজযক্ষ্মশব্দোঽপ্যত্র।

(১৫৫) পাদস্ফোটো বিপাদিকা ॥
(১৫৬) কিলাসং সিধ্ম (১৫৭) কচ্ছ্বাস্তু পাম পামা বিচর্চ্চিকা।
(১৫৮) কণ্ডূঃ খর্জ্জূশ্চ কণ্ডূয়া (১৫৯) বিস্ফোটঃ পিটকস্ত্রিষু ॥
(১৬০) ব্রণোঽস্ত্রিয়ামীর্মমরুঃ ক্লীবে (১৬১) নাড়ীব্রণঃ পুমান্।
(১৬২) কোঠো মণ্ডলকং (১৬৩) কুষ্ঠং
শ্বিত্রে (১৬৩ক) দুর্নামকাঽর্শসী ॥
(১৬৪) আনাহাস্তু বিবন্ধঃ স্যাদ্-(১৬৫) গ্রহণীরুক্ প্রবাহিকা।
(১৬৬) প্রচ্ছর্দ্দিকা বমিশ্চ স্ত্রী পুমাংস্তু বমথুঃ সমাঃ ॥

(১৫২) হাঁচীর নাম—ক্ষুৎ (স্ত্রী); ক্ষুত (ক্লী); ক্ষব (পুং)। (১৫৩) কাসরোগবাচক—কাস, ক্ষুবথু [কাশ] (পুং)। (১৫৪) শোথরোগবাচক—শোফ, শ্বয়থু, শোথ (পুং)। (১৫৫) কুষ্ঠরোগবিশেষবাচক—পাদস্ফোট (পুং); বিপাদিকা (স্ত্রী)। (১৫৬) ছোদরোগের নাম (স্থানবিশেষে ইহাকে ছুলি বা ছলি বলিয়া থাকে)—কিলাস, সিধ্ম [সিধ্মন্] (ক্লী)। (১৫৭) বিকচরোগবাচক—কচ্ছু [চ্ছূ] (স্ত্রী), পামন্ (ক্লী), পামা, বিচর্চ্চিকা (স্ত্রী)। (১৫৮) চুলকানি রোগের নাম—কণ্ডু (কণ্ডূ) খর্জ্জূ, কণ্ডূয়া (স্ত্রী)। (১৫৯) বিস্ফোট-(বিস্ফোড়া) বাচক—বিস্ফোট (পুং) পিটক (ত্রি)। (১৬০) ব্রণ-(ক্ষত, ঘা) মাত্রের নাম—ব্রণ (পুং); ঊর্ম্ম (পুং-ক্লী) [ইর্ম্ম] অরুস্ (ক্লী)। (১৬১) নালি ঘার নাম—নাড়ীব্রণ (পুং)। (১৬২) মণ্ডলাকার কুষ্ঠরোগবাচক—কোঠ (পুং); মণ্ডলক (ক্লী)। (১৬৩) শ্বেতবর্ণ কুষ্ঠরোগবাচক—কুষ্ঠ, শ্বিত্র (ক্লী)। (১৬৩ক) অর্শরোগবাচক—দুর্নামক, অর্শস্ (ক্লী)। (১৬৪) আনাহ ও বিবন্ধ শব্দে মলমূত্র বন্ধ হওয়া রোগকে বুঝায়—আনাহ, বিবন্ধ (পুং)। (১৬৫) গ্রহণীরোগবাচক—গ্রহণীরুজ্, প্রবাহিকা (স্ত্রী)।

(১৬৭) ব্যাধিভেদা বিদ্রুধিঃ স্ত্রী জ্বরমেহভগন্দরাঃ।
[শ্লীপদং পাদবল্মীকং কেশঘ্নস্ত্বিন্দ্রলুপ্তকঃ।]
(১৬৮) অশ্মরী (ক) মূত্রকৃচ্ছ্রং স্যাৎ পূর্ব্বে শুক্রাবধেস্ত্রিষু॥
(১৬৯) রোগহার্য্যগদঙ্কারো ভিষগ্ বৈদ্যৌ চিকিৎসকে।
(১৭০) বার্ত্তো নিরাময়ঃ কল্য (১৭১)উল্লাঘো(খ)নির্গতো গদাৎ॥
(১৭২) গ্লান-গ্লাস্নূ(গ)(১৭৩)আময়াবী বিকৃতো ব্যাধিতোঽপটুঃ।
আতুরোঽভ্যমিতোঽভ্যান্তঃ (১৭৪) সমৌ পামনকচ্ছুরৌ॥

(১৬৬) বমিরোগবাচক—প্রচ্ছর্দ্দিকা, বমি (স্ত্রী); বমথু (পুং)। (১৬৭) বিদ্রুধি, জ্বর, মেহ ও ভগন্দর শব্দের এক একটী শব্দে এক এক প্রকার রোগ বুঝায়—বিদ্রুধি (স্ত্রী), জ্বর, মেহ, ভগন্দর (পুং)। (১৬৮) মূত্রকৃচ্ছ্র রোগবাচক—অশ্মরী (স্ত্রী); মূত্রকৃচ্ছ্র (ক্লী)। (১৬৯) চিকিৎসকবাচক—রোগহারিন্, অগদঙ্কার, ভিষজ্, বৈদ্য, চিকিৎসক (ত্রি)। (১৭০) রোগহীন ব্যক্তির নাম—বার্ত্ত, নিরাময়, কল্য (ত্রি)। (১৭১) অচিররোগমুক্ত ব্যক্তির নাম—উল্লাঘ (ত্রি)। (১৭২) ক্ষীণশরীর ব্যক্তির বাচক—গ্লান, গ্লাস্নু (ত্রি)। (১৭৩) রোগী ব্যক্তির বাচক—আময়াবিন্, বিকৃত, ব্যাধিত, অপটু, আতুর, অভ্যমিত, অভ্যান্ত (ত্রি)। (১৭৪) বিকচরোগীর বাচক—পামন, কচ্ছুর (ত্রি)।

(ক) প্রস্তরাকারগোলকো মূত্রবন্ধোঽশ্মরী। শুক্রাবধেঃ শুক্রশব্দাৎ পূর্ব্বে রোগহার্য্যাদয়স্ত্রিষু। রোগহার্য্যাদয়ো মূর্চ্ছিতান্তাস্ত্রিলিঙ্গা ইত্যর্থঃ।

(খ—গ) কেচিৎ রোগাদচিরনিষ্ক্রান্তে উল্লাঘঃ গ্লানগ্লাস্নূ এতত্রয়ম্। চ

(১৭৫) দদ্রুণো (ক) দদ্রুরোগী (১৭৬) স্যা-
দর্শোরোগযুতোঽর্শসঃ ॥
(১৭৭) বাতকী বাতরোগী স্যাৎ (১৭৮) সাতিসারোঽতিসারকী ॥
(১৭৯) স্যুঃ ক্লিন্নাক্ষে (খ) চুল্ল-চিল্ল-পিল্লাঃ ক্লিন্নেঽক্ষি চাপ্যমী।
(১৮০) উন্মত্ত উন্মাদবতি (১৮১) শ্লেষ্মলঃ শ্লেষ্মণঃ কফী ॥
(১৮২) ন্যুব্জো(গ)ভুগ্নে রুজা (১৮৩)বৃদ্ধনাভৌ তুণ্ডিল-তুণ্ডিভৌ ॥

(১৭৫) দদ্রুরোগীর বাচক—দদ্রুণ (ত্রি)। (১৭৬) অর্শরোগীর বাচক—অর্শস্ (ত্রি)। (১৭৭) বাতরোগীর বাচক—বাতকিন্ (ত্রি)। (১৭৮) অতিসাররোগীর বাচক—সাতিসার, অতিসারকিন্ (ত্রি)। (১৭৯) ক্লেদযুক্ত চক্ষু এবং ক্লেদযুক্ত চক্ষুবিশিষ্ট ব্যক্তির বাচক—ক্লিন্নাক্ষ, চুল্ল, চিল্ল, পিল্ল (ত্রি); ঐ সকল শব্দ যখন ক্লেদযুক্ত চক্ষুমাত্রকে বুঝায়, তখন ক্লীবলিঙ্গ হইবে। (১৮০) উন্মাদরোগীর বাচক—উন্মত্ত, উন্মাদবন্ত্ [ৎ] (ত্রি)। (১৮১) কফযুক্ত ব্যক্তির বাচক—শ্লেষ্মল, শ্লেষ্মণ, কফিন্ (ত্রি)। (১৮২) রোগে ভুগ্ন (কুটিল) ব্যক্তির বাচক—ন্যুব্জ (ত্রি)। (১৮৩) বৃহৎ নাভিযুক্ত ব্যক্তির বাচক—বৃদ্ধনাভি,

---

(ক) দদ্রুর্দ্বিরেফৈকরেফা হ্রস্বোদন্তা দীর্ঘোদন্তা চেতি চাতূরূপ্যমিতি শাব্দিকাঃ। “দদ্রু´দ´দ্রূ´স্তথাদদ্রু´দ´দ্রূ´রূপচতুষ্টয়”মিতি শব্দভেদঃ।

(খ) ক্লীতি। চতুষ্কং রোগাদিনা ক্লিন্নচক্ষুষি পুরুষে। ন কেবলং পুরুষেঽমী, ক্লিন্নচক্ষুষ্যপি, তত্র নপুংসকাঃ।

(গ) ন্যুব্জ ইতি। রুজা রোগেণ ভুগ্নঃ কুটিলো ন্যুব্জঃ।

(১৮৪) কিলাসী সিধ্মলো-(১৮৫) ঽন্ধোঽদৃঙ্
(১৮৬) মূর্চ্ছালে মূর্ত্তমূর্চ্ছিতৌ ॥
(১৮৭) শুক্রং তেজোরেতসী চ বীজবীর্য্যেন্দ্রিয়াণি চ।
(১৮৮) মায়ুঃ পিত্তং (১৮৯) কফঃ (ক) শ্লেষ্মা
(১৯০) স্ত্রিয়ান্তু ত্বগ-(খ) সৃগ্ধরা ॥
(১৯১) পিশিতং তরসং মাংসং পললং ক্রব্যমামিষম্ ॥
(১৯২) উত্তপ্তং শুষ্কমাংসং স্যাদ্বল্লূরং তত্ত্রিলিঙ্গকম্।
(১৯৩) রুধিরেঽসৃগ্ লোহিতাঽস্ররক্ত-ক্ষতজ-শোণিতম্ ॥

তুণ্ডিল, তুণ্ডিভ (ত্রি)। (১৮৪) ছুলি-(ছৌদ) যুক্ত ব্যক্তির নাম—কিলাসিন্, সিধ্মল (ত্রি)। (১৮৫). দৃষ্টিশক্তিহীন ব্যক্তিবাচক—অন্ধ, অদৃশ (ত্রি)। (১৮৬) মূর্চ্ছারোগবিশিষ্ট ব্যক্তির বাচক—মূর্চ্ছাল, মূর্ত্ত, মূর্চ্ছিত (ত্রি)। (১৮৭) শুক্রবাচক—শুক্র, তেজস্, রেতস্, বীজ, বীর্য্য, ইন্দ্রিয় (ক্লী)। (১৮৮) পিত্তবাচক—মায়ু (পুং), পিত্ত (ক্লী)। (১৮৯) কফবাচক—কফ, শ্লেষ্মন্ (পুং)। (১৯০) চর্ম্ম-বাচক—ত্বচ্, [ত্বচ, ত্বচা], অসৃগ্ধরা (স্ত্রী)। (১৯১) মাংসবাচক—পিশিত, তরস্, মাংস, পলল, [পল] ক্রব্য, আমিষ (ক্লী)। (১৯২) শুষ্ক মাংসবাচক—উত্তপ্ত, শুষ্কমাংস (ক্লী); বল্লূর (ত্রি)। (১৯৩) রক্তবাচক—রুধির, অসৃজ্, লোহিত, অস্র, রক্ত, ক্ষতজ,

---

(ক) কফঃ ফান্তঃ পান্তশ্চেতি স্বামী।

(খ) ত্বগিতি। ত্বয়ং চর্ম্মণি। অদন্তোঽপি। "ত্বচবেষ্টিতমস্থিপঞ্জরম্" ইত্যশ্বঘোষপ্রয়োগাৎ। ত্বচা চ।

(১৯৪) বুক্কাঽগ্রমাংসং (ক) হৃদয়ং হৃ-(১৯৫) ন্মেদস্তু(খ) বপা বসা ॥
(১৯৬) পশ্চাদ্‌গ্রীবাশিরা (গ) মন্যা
(১৯৭) নাড়ী তু ধমনিঃ শিরা (ঘ)।
(১৯৮) তিলকং ক্লোম (১৯৯) মস্তিষ্কং
গোর্দ্দং (২০০) কিট্টং (ঙ) মলোঽস্ত্রিয়াম্ ॥

শোণিত (ক্লী)। (১৯৪) বুকের [হৃদয়] অগ্র মাংসের নাম—বুক্কা (স্ত্রী), [বৃক্কা] (স্ত্রী)। বৃক্কন, বৃক্ক (পুং-ক্লী)। বৃক্ক (ত্রি), বুক্কন্ (পুং-স্ত্রী)। অগ্রমাংস, [বুক্কাগ্রমাংস]; হৃদয়, হৃদ্ (ক্লী)। (১৯৫) মাংসপ্রভব ধাতুবিশেষবাচক—মেদস্ (ক্লী); [মেদ] বপা, বসা (স্ত্রী)। (১৯৬) গ্রীবার পশ্চাদ্‌ভাগস্থ শিরার বাচক—

(ক) বুক্কেতি। চতুষ্কং বুক ইতি খ্যাতে। বুক্কা স্ত্রী "উরস্যপি চ বুক্কায়াং হৃদয়ং মানসেঽপি চে"তি ত্রিকাণ্ডশেষঃ। "বুক্কা নান্তঃ পুমানপি।"

(খ) মিদেরসুন্ মেদঃ সান্তম্। অনন্তোঽপি মেদঃ প্রাগ্‌দর্শিতঃ।

(গ) গ্রীবায়াঃ পশ্চাৎ শিরা মন্যা উচ্যতে ইতি শেষঃ।

(ঘ) নেতি। ত্রয়ং শিরাসামান্যে। ত্রিবিধা হি দেহে নাড়ী—একা বায়ুবাহিনী, অপরা সূত্রবদস্থিবন্ধনী মহরুরিতি খ্যাতা, অন্যা চাহারবাহিনী অন্ত্রাখ্যা। নাড়িহ্রস্বান্তাপি—"দ্বিসপ্ততিসহস্রাণি শরীরে নাড়য়ো মতা" ইতি যোগবাশিষ্ঠাৎ। নাড়োঽপি।

(ঙ) কীতি। দ্বয়ং দেহজমলে। তদুক্তম্—"বসাশুক্রমসৃঙ্‌মজ্জাকর্ণবিণ্মূত্রবিণ্নখাঃ॥ শ্লেষ্মাশ্রুদূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ॥" ইতি।

(২০১) অন্ত্রং পুরীতদ্-(২০২)গুল্মস্তু প্লীহা পুংস্য-(২০৩)ঽথ বস্নসা ।
স্নায়ুঃ স্ত্রিয়াং (২০৪) কালখণ্ডযকৃতী তু সমে ইমে ॥
(২০৫) সৃণিকা স্যন্দিনী লালা (২০৬) দূষিকা নেত্রয়োর্মলম্।
[নাসামলন্তু সিঙ্ঘাণং পিঞ্জূষং কর্ণয়োর্মলম্।]
(২০৭) মূত্রং প্রসাব (২০৮) উচ্চারাঽবস্করৌ শমলং শকৃৎ।
পুরীষং গূথবর্চ্চস্কমস্ত্রী বিষ্ঠাবিষৌ স্ত্রিয়ৌ।
(২০৯) স্যাৎ কর্পরঃ কপালোঽস্ত্রী (২১০) কীকসঃ কুল্যমস্থি চ ।
(২১১) স্যাচ্ছরীরাস্থ্নি কঙ্কালঃ (২১২) পৃষ্ঠাস্থ্নি তু কশেরুকা।

মন্যা (স্ত্রী)। (১৯৭) শিরামাত্রবাচক—নাড়ী, ধম-[নী]নি, শিরা (স্ত্রী)। (১৯৮) ফুস্‌ফুসের নাম—তিলক, ক্লোমন্ (ক্লী)। (১৯৯) মস্তিষ্ক [ঘিলু] বাচক—মস্তিষ্ক, গোর্দ্দ (ক্লী)। (২০০) শরীরজাত মলমাত্র-বাচক—কিট্ট (ক্লী), মল (পুং-ক্লী)। (২০১) অন্ত্র ও পুরীতৎ শব্দে অন্ত্র বুঝায়—অন্ত্র, পুরীতৎ (ক্লী)। কাহারও মতে এই দুইটি শব্দ পুংলিঙ্গও হয়। (২০২) প্লীহারোগবাচক—গুল্ম, প্লীহন্ (পুং)। (২০৩) সূত্রবৎ অস্থিবন্ধনীয় নাড়ীবিশেষ বাচক—বস্নসা, স্নায়ু (স্ত্রী)। (২০৪) দক্ষিণ কুক্ষিস্থ যকৃৎবাচক (কেহ কেহ কালিবুক বলে)—কালখণ্ড, যকৃৎ (ক্লী)। (২০৫) লালার [লাল বা লালা] নাম—সৃণিকা, স্যন্দিনী, লালা (স্ত্রী)। (২০৬) নেত্রমলবাচক—[সাধারণতঃ ইহাকে পিচুটী ও কেতুর প্রভৃতি বলিয়া থাকে] দূষিকা (স্ত্রী)। (২০৭) মূত্রবাচক—মূত্র (ক্লী); প্রস্রাব (পুং)। (২০৮) বিষ্ঠাবাচক—উচ্চার, অবস্কর (পুং); শমল, শকৃৎ, পুরীষ (ক্লী); গূথ, বর্চ্চস্ক (পু-ক্লী); বিষ্ঠা, বিষ্ (স্ত্রী)। (২০৯) মস্তকের অস্থিখণ্ড (খাবরা) বাচক—কর্পর (পুং), কপাল (পুং-ক্লী)। (২১০) অস্থিবাচক—কীকস

(২১৩) শিরোঽস্থি্ন তু করোটিঃ স্ত্রী (২১৪) পার্শ্বাস্থনি তু পর্শুকা ।
(২১৫) অঙ্গং প্রতীকোঽবয়বোঽপঘনো-(২১৫ক) ঽথ কলেবরম্ ।
গাত্রং বপুঃ সংহননং শরীরং বর্ষ্ম বিগ্রহঃ ।
কায়ো দেহঃ ক্লীবপুংসোঃ স্ত্রিয়াং মূর্ত্তিস্তনুস্তনূঃ ॥
(২১৬) পাদাগ্রং প্রপদং (২১৭) পাদঃ পদঙ্ঘ্রিশ্চরণোঽস্ত্রিয়াম্ ।
(২১৮) তদ্‌গ্রন্থী ঘুটিকে (ক) গুল্‌ফৌ
পুমান্ (২১৯) পার্ষ্ণিস্তয়োরধঃ ॥

কুল্য, অস্থি (ক্লী)। (২১১) কঙ্কালবাচক—কঙ্কাল (পুং)। (২১২) দণ্ডবাচক—কশেরুকা (স্ত্রী)। (২১৩) মাথার হাড়ের নাম—করোটি [টী] (স্ত্রী)। (২১৪) পাঁজরার হাড়ের নাম—পর্শুকা (স্ত্রী)। (২১৫) হস্তপদাদি অবয়বের নাম—অঙ্গ (ক্লী), প্রতীক, অবয়ব, অপঘন (পুং), [গাত্র (ক্লী)]। (২১৫ক) শরীরবাচক—কলেবর, গাত্র, বপুস্, সংহনন, শরীর, বর্ষ্মন্ (ক্লী), বিগ্রহ, কায় (পুং); দেহ (পুং-ক্লী), মূর্ত্তি, তনু, তনূ (স্ত্রী)। [তনুস্] (২১৬)। পায়ের অগ্রভাগের নাম—পাদাগ্র, প্রপদ (ক্লী)। (২১৭) চরণবাচ—পাদ, পদ্, অঙ্ঘ্রি (পুং); [অংহ্রি] চরণ (পুং-ক্লী)। (২১৮) পাদগ্রন্থিবাচক—ঘুটিকা (স্ত্রী); গুল্‌ফ (পুং)। (২১৯) গুল্‌ফের [গোড়ালি,

---

(ক) ঘুটিতি। দ্বয়ং পাদগ্রন্থৌ। তয়োর্গুল্‌ফয়োরধঃ পাদয়োঃ পশ্চাদ্‌ভাগঃ পার্ষ্ণিঃ। জানু ক্লীবে পুংস্যপি—“জানু সমালম্বত” ইতি। “জানুমস্ত প্রগৃহ্ণীয়া”দিতি চ।

(২২০) জঙ্ঘা তু প্রসৃতা (২২১) জানূ-(ক)রুপর্ব্বাহষ্ঠীবদস্ত্রিয়াম্ ॥
(২২২) সকৃথি ক্লীবে পুমানূরু-(২২৩)-স্তৎসন্ধিঃ পুংসি বঙ্ক্ষণঃ।
(২২৪) গুদন্ত্বপানং পায়ুর্না (২২৫) বস্তির্নাভেরধো দ্বয়োঃ ॥
(২২৬) কটো না শ্রোণিফলকং কটিঃ শ্রোণী ককুদ্মতী।
(২২৭) পশ্চান্নিতম্বঃ স্ত্রীকট্যাঃ ক্লীবে তু জঘনং পুরঃ।
(২২৮) কূপকৌ তু নিতম্বস্থৌ (খ) দ্বয়হীনে কুকুন্দরে।
(২২৯) স্ত্রিয়াং স্ফিচৌ কটিপ্রোথা-

গুড়মুড়িয়া] অধোভাগের নাম—পার্ষ্ণি (পুং)। (২২০) গুল্ফ ও জানুর মধ্যভাগের নাম—জঙ্ঘা, প্রসৃতা (স্ত্রী)। (২২১) হাঁটুর নাম—জানু, জানূ (পুং), উরু, পর্ব্বন্, অষ্ঠীবৎ (পুং-ক্লী)। (২২২) জানুর উপরিভাগের নাম—সকৃথি (ক্লী), উরু (পুং)। (২২৩) উরুর উপরিস্থিত সন্ধিস্থানের নাম—বঙ্ক্ষণ (পুং)। (২২৪) মলদ্বারবাচক—গুদ, অপান (ক্লী); পায়ু (পুং)। (২২৫) মূত্রাশয়বাচক—বস্তি (পুং-স্ত্রী)। (২২৬) কটি-[কোমর] বাচক—কট (পুং); শ্রোণিফলক (ক্লী); কটি, [কটী], শ্রোণী, ককুদ্মতী (স্ত্রী)। (২২৭) স্ত্রীদিগের কটির পশ্চাদ্‌ভাগকে নিতম্ব এবং সম্মুখভাগকে জঘন বলে—নিতম্ব (পুং), জঘন (ক্লী)। (২২৮) নিতম্বস্থ আবর্ত্তাকার গর্ত্তদ্বয়ের নাম—কুকুন্দর (ক্লী। (২২৯) নিতম্বের স্থূল মাংসপিণ্ডদ্বয়ের (পাছার) নাম—

(ক) সেতি। দ্বয়ং জানূপরিভাগে। উরুত ইতি খ্যাতে। উরুহ্রস্বাদিরপি। উরুসন্ধির্বঙ্ক্ষণঃ। গুদমিতি। ত্রয়ং গুদে, বিষ্ঠানির্গমমার্গে। নাভেরধোমূত্রাশয়পুটো বস্তিঃ।

(খ) নিতম্বে যৌ কূপাবিব কূপকৌ রন্ধ্রৌ পৃষ্ঠবংশাদধোগতৌ তে কুকুন্দরে ক্লীবে।

(২৩০) বুপস্থো বক্ষ্যমাণয়োঃ (ক)।
(২৩১) ভগং যোনির্দ্বয়োঃ (২৩২) শিশ্নো মেঢ্রো মেহনশেফসী।
(২৩৩) মুষ্কোঽণ্ডকোষো বৃষণঃ (২৩৪) পৃষ্ঠবংশাধরে ত্রিকম্।
(২৩৫) পিচিণ্ডকুক্ষী জঠরোদরং তুন্দং (২৩৬) স্তনৌ কুচৌ।
(২৩৭) চূচুকন্তু কুচাগ্রং স্যান্ন (২৩৮) না ক্রোড়ং ভুজান্তরম্।
উরো বৎসঞ্চ বক্ষশ্চ (২৩৯) পৃষ্ঠন্তু চরমন্তনোঃ।
(২৪০) স্কন্ধো ভুজশিরোঽংসোঽস্ত্রী (২৪১) সন্ধী তস্যৈব জত্রুণী।
(২৪২) বাহুমূলে উভৌ কক্ষৌ (২৪৩) পার্শ্বমস্ত্রী তয়োরধঃ।

স্ফিচ্ (স্ত্রী), কটিপ্রোথ (পুং)। (২৩০) উপস্থশব্দে যোনি কিংবা শিশ্নকে বুঝায়—উপস্থ (পুং-ক্লী)। (২৩১) যোনিবাচক—ভগ (ক্লী); যোনি (পুং-স্ত্রী) [যোনী]। (২৩২) পুরুষলিঙ্গবাচক—শিশ্ন, মেঢ্র (পুং); মেহন, শেফস্ (ক্লী)। (২৩৩) অণ্ডকোষবাচক—মুষ্ক, অণ্ডকোষ, বৃষণ (পুং)। (২৩৪) মেরুদণ্ডের নিম্নভাগের নাম—ত্রিক (ক্লী)। (২৩৫) উদরবাচক—পিচিণ্ড, কুক্ষি (পুং), [কুক্ষী]; জঠর, উদর, তুন্দ (ক্লী)। (২৩৬) স্তনবাচক—স্তন, কুচ (পুং), [পয়োধর]। (২৩৭) চূচুক শব্দে স্তনের অগ্রভাগকে বুঝায়—চূচুক (ক্লী) [কুচানন]। (২৩৮) বক্ষঃস্থলবাচক—ক্রোড়, ভুজান্তর, উরস্, বৎস, বক্ষস্ (ক্লী)। (২৩৯) পৃষ্ঠবাচক—পৃষ্ঠ (ক্লী)। (২৪০) স্কন্ধবাচক—স্কন্ধ, ভুজশির (পুং); [ভুজশিরস্] (ক্লী); অংস (পুং-ক্লী)। (২৪১) জত্রুশব্দে স্কন্ধ ও বক্ষঃস্থলের সন্ধিস্থানকে বুঝায়—জত্রু (ক্লী)। (২৪২) বাহুমূলবাচক—বাহুমূল

(ক) বক্ষ্যমাণয়োর্ভগশিশ্নয়োরুপস্থঃ (বর্ত্ততে ইতি শেষঃ)। ক্লীবেঽপ্যয়ম্—"বাক্পাণিপায়ূপস্থানি কর্ম্মেন্দ্রিয়াণি" ইতি প্রয়োগাৎ। যোনির্দ্বয়োরিতি সম্বন্ধঃ। পক্ষে যোনী চ।

(২৪৪) মধ্যম-(ক) ঞ্চাঽবলগ্নঞ্চ মধ্যোঽস্ত্রী দ্বৌ পরৌ দ্বয়োঃ ॥
(২৪৫) ভুজবাহূ (খ)প্রবেষ্টো দোঃ স্যাৎ (২৪৬) কফোণিস্তু কূর্পরঃ ।
(২৪৭) অস্যোপরি প্রগণ্ডঃ স্যাৎ প্রকোষ্ঠস্তস্য চাপ্যধঃ ॥
(২৪৮) মণিবন্ধাদাকনিষ্ঠং (গ) করস্য করভো বহিঃ ।
(২৪৯) পঞ্চশাখঃ শয়ঃ পাণি-(২৫০) স্তর্জ্জনী স্যাৎ প্রদেশিনী ॥

(ক্লী), কক্ষ (পুং)। (২৪৩) কক্ষের অধোভাগবাচক—পার্শ্ব (পুং-ক্লী)। (২৪৪) শরীরের মধ্যভাগবাচক—মধ্যম, অবলগ্ন, মধ্য (পুং-ক্লী)। (২৪৫) বাহুবাচক—ভুজ, বাহু (পুং-ক্লী) [বাহ], প্রবেষ্ট, দোস্ (পুং) [দোষা]। (২৪৬) ভুজমধ্যস্থ গ্রন্থির নাম (স্থানবিশেষে ইহাকে কনুই, কনুয়, কেনু প্রভৃতি বলে)—কফোণি (পুং-ক্লী) [কফণি, কফণী], কূর্পর [কুর্পর] (পুং)। (২৪৭) কূর্পরের উপরিভাগকে প্রগণ্ড ও অধোভাগকে প্রকোষ্ঠ বলে—প্রগণ্ড, প্রকোষ্ঠ (পুং)। (২৪৮) হস্তের গ্রন্থির নাম—মণিবন্ধ, [মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করের বহির্ভাগের নাম] করভ, মণিবন্ধ (পুং)। (২৪৯) হস্তবাচক—পঞ্চশাখ, শয়, পাণি (পুং)। (২৫০) তর্জ্জনী

(ক) মেতি। ত্রয়ং তনুমধ্যে। মধ্য এব মধ্যমঃ। চকারাভ্যাং মধ্যমাবলগ্নে অপি বা স্ত্রিয়াম্। পরৌ দ্বৌ ভুজবাহূ দ্বয়োঃ স্ত্রী-পুংসয়োরিত্যর্থঃ।

(খ) ভুজেতি। চতুষ্কং বাহৌ। (স্ত্রিয়াস্তু ভুজা) "দংষ্ট্রামুদস্যাথ ভুজাঞ্চ গুর্ব্বীম্" ইতি মাঘঃ। বাহশ্চ—"বাহো বাহৌ পুমান্ মানভেদে বৃষতুরঙ্গয়োঃ" ইতি রভসঃ। দোষা চ—"দোর্দোষা চ ভুজো বাহুঃ পাণির্হস্তঃ করস্তথা" ইতি কোষঃ।

(গ) মণিবন্ধাবধি কনিষ্ঠং যাবৎ করস্য বহিঃ করভঃ।

(২৫১) অঙ্গুল্যঃ করশাখাঃ স্যুঃ (২৫২) পুংস্যঙ্গুষ্ঠঃ প্রদেশিনী ।
মধ্যমাঽনামিকা চাপি কনিষ্ঠা চেতি তাঃ ক্রমাৎ ॥
(২৫৩) পুনর্ভবঃ কররুহো নখোঽস্ত্রী নখরোঽস্ত্রিয়াম্ ।
(২৫৪) প্রাদেশ-তাল-গোকর্ণাস্তর্জ্জন্যাদিযুতে ততে ।
অঙ্গুষ্ঠে সকনিষ্ঠে স্যাদ্বিতস্তির্দ্বাদশাঙ্গুলঃ (ক) ।
(২৫৫) পাণৌ চপেট-(খ) প্রতল-প্রহস্তা বিস্তৃতাঙ্গুলৌ ॥

অঙ্গুলীবাচক—তর্জ্জনী, প্রদেশিনী (স্ত্রী)। (২৫১) অঙ্গুলীমাত্রের নাম—অঙ্গুলী [অঙ্গুলি], করশাখা (স্ত্রী)। (২৫২) প্রথমা অঙ্গুষ্ঠ, দ্বিতীয়া প্রদেশিনী, তৃতীয়া মধ্যমা, চতুর্থী অনামিকা এবং পঞ্চমা অঙ্গুলীকে কনিষ্ঠা বলে। অঙ্গুষ্ঠ (ক্লী), প্রদেশিনী, মধ্যমা, অনামিকা [অনামা,] কনিষ্ঠা (স্ত্রী)। (২৫৩) নখবাচক—পুনর্ভব, কররুহ, নখ, নখর (পুং-ক্লী)। (২৫৪) অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী বিস্তার করিলে মধ্যস্থিত পরিমাণকে প্রাদেশ, ঐরূপ অঙ্গুষ্ঠ ও মধ্যমার মধ্যস্থিত পরিমাণকে তাল, অঙ্গুষ্ঠ ও অনামিকার মধ্যস্থিত স্থানকে গোকর্ণ, অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠার মধ্যস্থিত স্থানকে বিতস্তি কহে এবং ঐ বিতস্তিকে দ্বাদশাঙ্গুলি বলে—প্রাদেশ [প্রদেশ]; তাল, গোকর্ণ (পুং); বিতস্তি (পুং-স্ত্রী); দ্বাদশাঙ্গুল (পুং)। (২৫৫) হস্তের অঙ্গুলী সকল বিস্তৃত করিলে যে অবস্থা হয়, ঐ অবস্থার বাচক—চপেট,

---

(ক) কনিষ্ঠাযুক্তে বিস্তৃতেঽঙ্গুষ্ঠে বিতস্তিঃ। সৈব দ্বাদশাঙ্গুলাখ্যা, দ্বাদশ অঙ্গুলয়ঃ প্রমাণমস্য। সাহচর্য্যাৎ বিতস্তিঃ পুমান্। "স্ত্রীপুংসয়োর্বিতস্তিঃ স্যাৎ" ইত্যমরমালা।

(খ) চপেতি। ত্রয়ং বিস্তৃতাঙ্গুলিপাণৌ। বিস্তৃতাঙ্গুলৌ পাণৌ চপেটাদ্যাস্ত্রয় ইত্যন্বয়ঃ।

(২৫৬) দ্বৌ সংহতৌ সংহতলঃ প্রতলৌ (ক) বামদক্ষিণৌ।
(২৫৭) পাণির্নিকুব্জঃ(খ)প্রসৃত-(২৫৮) স্তৌ যুতাবঞ্জলিঃ(গ)পুমান্॥
(২৫৯) প্রকোষ্ঠে (ঘ) বিস্তৃতকরে হস্তো (২৬০) মুষ্ট্যা তু বদ্ধয়া।
স রত্নিঃ (ঙ) স্যা-(২৬১) দরত্নিস্তু নিষ্কনিষ্ঠেন মুষ্টিনা (চ)॥
(২৬২) ব্যামো (ছ) বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্।

প্রতল, প্রহস্ত (পুং) [তালিকা, তাল, চপট, তল]। (২৫৬) দুই হাতের অঙ্গুলি বিস্তৃত করিয়া একত্র করিলে যাহা হয়, তাহার নাম—সংহতল, প্রতল (পুং)। (২৫৭) অঙ্গুলীসকল একত্র করিয়া হাত কুব্জাকার [কোষ] করিলে যাহা হয়, তাহার নাম—প্রসৃত (পুং)। (২৫৮) কোষ করিয়া দুই হাত মিলিত করিলে যাহা হয়, তাহাকে অঞ্জলি বলে—অঞ্জলি (পুং)। (২৫৯) কনুই হইতে অঙ্গুলীর অগ্রভাগ পর্য্যন্তকে হস্ত বলে, ইহার পরিমাণ চব্বিশ আঙ্গুল—হস্ত (পুং)। (২৬০) হাত মুট করিলে কনুই হইতে মুষ্টিভাগ পর্য্যন্তকে রত্নি বলে—রত্নি (পুং-স্ত্রী)। (২৬১) কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন বদ্ধমুষ্টি হস্তকে অর্থাৎ কনুই হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্তকে অরত্নি বলে—অরত্নি (পুং-স্ত্রী)। (২৬২) দুই হাত বিস্তার

(ক) দ্বৌ বামদক্ষিণৌ প্রতলৌ চপেটৌ সংহতৌ সংযুক্তৌ সংহতল উচ্যতে। প্রতলদ্বয়ং মিলিতং সংহতলঃ স্যাদিত্যর্থ ইতি সুভূত্যাদয়ঃ। অন্যে তু—দ্বৌ বামদক্ষিণৌ সংহতৌ চেৎ, সংহতলপ্রতলাবিত্যাহুঃ।

(খ) নিঃশেষেণ কুব্জীকৃতঃ পাণিঃ প্রসৃতঃ।

(গ) তৌ প্রসৃতৌ সংযুক্তৌ অঞ্জলিঃ।

(ঘ—চ) বিস্তৃতঃ করঃ প্রকোষ্ঠো হস্তঃ। চতুর্বিংশত্যঙ্গুলপ্রমাণঃ। স হস্তো বদ্ধয়া মুষ্ট্যা বিশিষ্টো রত্নিঃ। "পুংস্যরত্নি"রিতি রুদ্রঃ। নির্গতা কনিষ্ঠা যস্মাত্তেন বিস্তৃতকনিষ্ঠেনেত্যর্থঃ। মুষ্ট্যা মুষ্টিনা ইতি রূপভেদাৎ মুষ্টির্দ্বয়োঃ। সংজ্ঞাত্বাৎ পুংস্যপি ক্তিঃ। ঔণাদিকস্তিক্ বা।

(ছ) তির্য্যক্ ততয়োর্বিস্তৃতয়োঃ সকরয়োর্বাহ্বোরন্তরং ব্যামঃ।

(২৬৩) ঊর্দ্ধবিস্তৃতদোঃপাণিনৃমানে পৌরুষং ত্রিষু (ক) ॥
(২৬৪) কণ্ঠো (খ) গলো-(২৬৫) ঽথ গ্রীবায়াং (গ)
শিরোধিঃ কন্ধরেত্যপি।
(২৬৬) কম্বুগ্রীবা (ঘ) ত্রিরেখা (২৬৭) সাঽবটুর্ঘাটা (ঙ) কৃকাটিকা।
(২৬৮) বক্ত্রাস্যে বদনং তুণ্ডমাননং লপনং মুখম্।
(২৬৯) ক্লীবে ঘ্রাণং গন্ধবহা ঘোণা নাসা চ নাসিকা ॥

করিলে ইহার মধ্যের পরিমাণকে ব্যাম (বাঁও) কহে—ব্যাম (পুং)। (২৬৩) মনুষ্য হাত তুলিয়া দাঁড়াইলে পা হইতে অঙ্গুলীর অগ্রভাগ পর্য্যন্ত যে পরিমাণ, তদ্‌বিশিষ্টকে পৌরুষ বলে—পৌরুষ (ত্রি)। (২৬৪) গলদেশ বাচক—কণ্ঠ, [কণ্ঠী গল] (পুং)। (২৬৫) গ্রীবা, শিরোধি ও কন্ধরা শব্দে গলদেশের উপরিভাগকে বুঝায়—গ্রীবা, শিরোধি, কন্ধরা (স্ত্রী)। (২৬৬) ত্রিরেখাযুক্ত গ্রীবাকে কম্বুগ্রীবা বলে—কম্বুগ্রীবা (স্ত্রী)। (২৬৭) মস্তকের সন্ধিস্থান-(ঘাড়) বাচক—অবটু (পুং), ঘাটা, কৃকাটিকা (স্ত্রী)। (২৬৮) মুখবাচক—বক্ত্র, আস্য, বদন, তুণ্ড, আনন, লপন, মুখ (ক্লী)। (২৬৯) নাসিকাবাচক—ঘ্রাণ (ক্লী), গন্ধবহা, ঘোণা,

---

(ক) ঊর্দ্ধবিস্তৃতবাহুপাণীনাং প্রমাণং যস্য তৎ পৌরুষম্। ঊর্দ্ধম্ উপরি বিস্তৃতৌ দোষৌ ভুজৌ পাণী চ যেন স তথা, তাদৃশো না পুমান্ মানং পরিমাণম্ অস্য তত্র পৌরুষং ত্রিষু। যথা—পৌরুষং জলম্, পৌরুষী যষ্টিঃ, পৌরুষঃ কূপঃ।

(খ) কেতি। কণ্ঠী চ—"সমীপগলশব্দেষু কণ্ঠং কণ্ঠী বিদুর্বুধাঃ"।

(গ) গ্রীতি। শিরো ধীয়তেঽস্যাং কর্ম্মণ্যধিকরণে চেতি কিঃ, সাহচর্য্যাৎ স্ত্রীত্বম্।

(ঘ) সা গ্রীবা তিসৃভী রেখাভির্যুক্তা চেৎ কম্বুগ্রীবা।

(ঙ) সাহচর্য্যস্য প্রায়ো বৃত্তিত্বাদবটুঃ পুংসি।

(২৭০) ওষ্ঠাঽধরৌ (ক) তু রদনচ্ছদৌ দশনবাসসী।
(২৭১) অধঃ স্যাচ্চিবুকং (২৭২) গণ্ডৌ
কপোলৌ (২৭৩) তৎপরা হনুঃ।
(২৭৪) রদনা দশনা দন্তা রদা-(২৭৫) স্তালু তু কাকুদম্।
